The examination in this Institution are held annually. This system of examination is in my humble opinion open to serious objections. The main object of an academical examination ought to be supply a well regulated stimulus to proper exertion. This object is but very partially gained by making the examination annual. Under this system the pupils relax their labours after the close of a session and do not resume them in an earnest manner, till the time of the examinations draw near. During the first months of the year they plod along with their routine course of study with indifferent attention while of "cramming" system is in requisition during the concluding months. Their industry therefore is unequable and the consequence is that a habit of industry is not acquired. Moreover, the over exertion of the last two months of the session induces several chronic diseases such as headache, dyspepsia, dysentry, opthalmia, etc. There is another circumstance in the present system of examination which, is deeply to be regretted and which though accidental, is not altogether of rare occurence. A study may be well-known to be intelligent, industrious and attentive and one who would certainly be entitled to the highest rewards were it in his power to pass the examination, but he may suddenly fall ill at the time of the examination and all his exertions during the whole year would in that case remain unrewarded. I have with care and attention observed the state of things for the last three years and am convinced that so long at the present system of examination continues, it will be impracticable to remove the evils complained of.

Under these circumstances, I beg most respectfully to propose that the present system of examination be discontinued and that in its stead the following plan be adopted.

1. Examinations to be held every months in the Junior classes and every two months in the Senior ones.
2. The award of scholarships and other rewards to be decided by the aggregate result of these examinations.
3. Of the sanscrit and vernacular portions of studies examinations to be conducted by the Principal with the co-operation of the Professors.
4. Of the English portion of studies, the examinations to be conducted by the Principal with the co-operation of the masters and professors.

5. The final examinations alone to be conducted by the examiners appointed by the Council.

If the council be pleased to sanction this proposal, the students will make equal progress throughout the year. They will not be obliged to over exert themselves in the concluding months of the session, and there is no doubt they will be thus enabled to attain greater proficiency than they usually manifest under the present system, and, above all, they will acquire a habit of industry from the want of which, it may be safely affirmed, the great majority of students do not keep up their studies in after life though they often distinguished themselves while at college.

In conclusion, I beg leave to request the favour of your moving the Council to sanction the proposal at least experimentally for three years."

[File for letlers sent, 1851-54, Vol. 7, Sanscrit College.]

বিদ্যাসাগরের চিঠির পরিপ্রেক্ষিতে কাউন্সিল অব এডুকেশন কি সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন এবং দশ দিনের মধ্যে কি উত্তর পাওয়া গেল, সেটাও দেখে নেওয়া যাক :

Letter No. 255, dated 30 January 1854, from F.J. Mouat, Secretary to the Council of Education, to Pundit Essur Chunder Bhydiasagar, Principal of the Sanscrit College :

"With reference to your letter No. 939, dated 21st January 1854, I have the honour by direction of the Council of Education, to intimate to you that they have been pleased to sanction, to be introduced at once, and continued experimentally for three years, the scheme of examinations of the pupils of the Sanscrit College, monthly and once in two months for the junior and senior classes respectively, as proposed."

এতেই বোঝা যায় কতোটা গ্রহণযোগ্যতা ছিলো বিদ্যাসাগরের এবং কতোটা দক্ষতা আর দাপটের সঙ্গে সে যুগে তিনি কাজ করতেন। তাঁর চিন্তাভাবনা কতো আধুনিক ছিলো—যুগের থেকেও তিনি অনেক দূর এগিয়ে ছিলেন—তা আর বলে দিতে হয় না। এই বিষযটি নিয়ে এডুকেশন কাউন্সিলও ভাবেন নি, আবার নূতন জিনিস চালানোর ক্ষেত্রে কার্পণ্য দেখান নি। যেমনটি চেয়েছিলেন বিদ্যাসাগর, ঠিক সেভাবেই অনুমোদন দেওয়া হলো।

এবারে সংক্ষেপে দেখানো যেতে পারে ছাত্রস্বার্থে সংস্কৃত কলেজে কি কি পদক্ষেপ গ্রহণ করেছিলেন বিদ্যাসাগর এবং রূপায়ণ করতে গিয়ে তিনি কতোটা সহযোগিতা পেয়েছিলেন—তা আলোচনা করতে করতে এগিয়ে যাওয়া যাক। বলে নেওয়া ভালো এই আলোচনায় মূলতঃ বিদ্যাসাগরের লেখা চিঠিপত্রগুলি আমাদের সম্বল, তাও বাছাই করা কিছু চিঠি; সঙ্গে কাউন্সিলের পক্ষ থেকে পাঠানো নির্দেশনামা।

সংস্কৃত কলেজে যুক্ত হবার সূচনা লগ্নে বিদ্যাসাগর প্রথমে Assistant Secretary হিসাবে কাজ শুরু করেন এপ্রিল ১৮৪৬ সালে; মতান্তর হওয়ায় সরকারীভাবে জুলাই ১৮৪৭ সালে নিজেকে সরিয়ে নেন। যুক্ত হন ফোর্ট উইলিয়াম কলেজে, এবং নভেম্বর ১৮৫০ সাল পর্যন্ত সেখানে তিনি কাজ করছেন 'Head Writer and treasurer' হিসাবে। এদিকে সংস্কৃত কলেজের স্কলারশিপ পরীক্ষায় বারে বারেই এডুকেশন কাউন্সিলের কাছে অভিযোগ আসতে থাকায় তারাও এই কাজের জন্য যোগ্য লোকের সন্ধান করছিলেন। শেষে বিদ্যাসাগরের ওপর এই দায়িত্ব তুলে দেয় কাউন্সিল—রাজীও হন বিদ্যাসাগর এবং অত্যন্ত স্বচ্ছতা ও দক্ষতার সঙ্গে তিনি কাজটি সম্পন্ন করান। কাউন্সিলের রিপোর্টেই আছে ঃ

"The Council, having for some time past experienced considerable difficulty in procuring examiners for the Sanscrit College, solicited the sanction of Government for being allowed to remunerate them in the manner adopted with the examiners of English Scholarships.

Permission was given to employ paid, instead of gratuitous agency, and Pundit Eshwar Chundra Shurma was appointed to the office of Examiner for the current year, as he had frequently performed the same duty gratuitously, and always to the entire satisfaction of the Council."

[General Report on Public Instruction in the Lower Provinces of the Bengal Presidency, from 1 October 1849 to 30 September 1850, p. 26].

স্কলারশিপ পরীক্ষার শেষে রিপোর্ট পাঠিয়ে দিলেন বিদ্যাসাগর কাউন্সিলের কাছে। সংস্কৃত কলেজে খালি হওয়া 'Professor of Literature' পদটি বিদ্যাসাগরকে গ্রহণ করতে কাউন্সিলের অনুরোধ, পাল্টা শর্ত বিদ্যাসাগরের—কাউন্সিল যদি 'Executive Power of Principal'-এর দায়িত্ব দেয়, তবে তিনি রাজী। কাউন্সিল এতেই রাজী হওয়াতে ১৮ ডিসেম্বর ১৮৫০ বিদ্যাসাগর সংস্কৃত কলেজে ফিরে আসেন। তবে তার আগে ৫ই ডিসেম্বর ১৮৫০ সালে কাউন্সিলের নির্দেশে সংস্কৃত কলেজ নিয়ে বিস্তৃত রিপোর্ট পেশ করেন, নানা পরিবর্তনের সুপারিশ করেন। যে রিপোর্ট হাতে পেয়ে কাউন্সিল দেরী না করে জানুয়ারী ১৮৫১ সালে বিদ্যাসাগরকে সংস্কৃত কলেজে প্রিন্সীপ্যাল পদে নিয়োগ চূড়ান্ত করে ঃ

"Pundit Eshwarchandra Vidyasagar, on his appointment to the chair of Sahitya was directed by the Council to draw up a report on the existing state of the College, and to specify any improvements by which, in his opinion, the Institution might be made more efficient and useful. A report was accordingly submitted... The suggestions therein contained were approved by the Council, and ordered to be adopted in the next session of 1851-52." [General Report on Public Instruction in the Lower Provinces of the Bengal Presidency, from 1 October 1850 to 30 September 1851, p. 34.)

এবং

W. Seton-Karr, Under Secretary to the Government of Bengal, in his letter No. 37, dated 22 January 1851, to Vidyasagar stated : "I am directed by the Deputy Governor of Bengal to inform you that His Honour has been pleased this day to appoint you to be principal of the Sanscrit College on a salary of Rs. 150 per mensem."

[Education Department Procedings No. 5, 29 January 1851).

প্রিন্সীপ্যাল পদে যোগ দিয়ে বিদ্যাসাগর প্রথমেই 'মুগ্ধবোধ' নামে সংস্কৃত ব্যাকরণের বইটি বাতিল করলেন, বিকল্প হিসাবে 'Outlines of Sanscrit Grammar compiled in Bengali' এবং 'three Sanscrit Readers, consisting of easy selection in prose and verse'— চালু করলেন। আগে যেখানে 'মুগ্ধবোধ' বইটি পড়ে সংস্কৃত ব্যাকরণের নানা নিয়মকানুন জানতেই চার থেকে পাঁচ বছর লেগে যেত—সেখানে নতুন ব্যবস্থায় সাধারণ মানের ছাত্ররাও তিন বছরের কম সময়ে সংস্কৃত ব্যাকরণের সাথে সংস্কৃত সাহিত্য সম্পর্কে অনেক কিছু শিক্ষায় পারদর্শী হতে পারলো— এমন কি সাড়ে তিন বছর পরে স্কলারশিপ পরীক্ষায় উত্তীর্ণ হতে লাগলো। ব্যাকরণের মধ্যে ডুবে থেকে অনেকটা সময় কাটানোর বদলে এইভাবে শিক্ষাদান হিসাব করার সময় কি বিদ্যাসাগরের মনে 'পঞ্চতন্ত্র' নামক

গ্রন্থটির কথা উঁকি দিয়েছিল? সেখানে শুরুতেই রয়েছে কীভাবে রচনাকার বিষ্ণুশর্মা রাজা অমরশক্তির বখে যাওয়া তিন রাজপুত্রকে স্বল্প সময়ে সর্ববিষয়ে পারদর্শী করে তুলেছিলেন। পরে দেখা যায় বিদ্যাসাগর এই বইটি কেনার জন্য কর্তৃপক্ষের কাছে তালিকাভুক্ত করেছেন, সরকারী স্টোরে দুটি কপির একটিও না থাকায় নিজ উদ্যোগে অন্ততঃ একটি কপি কেনার ব্যবস্থা করেছেন—যাতে লাইব্রেরি থেকে ছাত্রেরা ব্যবহার করতে পারে।

অনেকদিন ধরে চলে আসা 'অষ্টমী' ও 'প্রতিপদ' দুটি তিথিতে সংস্কৃত কলেজ বন্ধ রাখার নিয়মটি তুলে দিয়ে সে জায়গায় ছাত্রদের কথা ভেবে রবিবার ছুটি রাখার ব্যবস্থা করলেন। তা ফলপ্রসূও হয়েছিল—অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে সমতা বজায় রাখা গেল ঃ

"Letter No. 734, dated 25 July 1851, from Eshwarchndra Sharma, Principal of the Sanscrit College, to F.J. Mouat, Secretary to the Council of Education :

"I have the honour to state, for the information of the Council of Education, that by the existing rules of the Sanscrit College it closes on every Astomee and Pratipad, but I beg leave to propose that every Sunday be substituted in their stead for the follwing reasons.

First, A number of students live at a great distance from the Town and being in indigent circumstances manage to attend the college daily by helping themselves to the conveyance of their friends whose avocations require their attendance in the Town. But as all public offices are closed on Sundays the students being unable to avail themselves of the aid of their friends cannot attend the college, but when forced to do so they are put to a great variety of incoveniences.

Second, there is another class of students who keep with their office-going friends in the Town, live upon their charity and partake of a common mess with them which on office days is prepared at 8 or 9 a.m., but on Sundays so late as noon. These students are therefore compelled to keep home on Sundays or to attend the college without taking their breakfast.

Third, almost all the Pundits are in favour of the proposed arrangement and some of them, the greater number of whose pupils are exposed to the above hardships, are anxious for its speedy adoption.

In conclusion, I beg leave to add that the arrangement will no way be disadvantageous to the Institution, the number of working days remaining the same as before."

[Files for Letters sent, 1849-51, Vol. 6. Sanscrit College.]

দেখা যাচ্ছে পণ্ডিতমহাশয়দের কথা তিনি একেবারে শেষে বলেছেন, কিন্তু ছাত্রদের কথা বলেছেন সর্বাগ্রে। একইভাবে অনেক পরে কর্তৃপক্ষ যখন বাৎসরিক ছুটি নিয়ে বিদ্যাসাগরের মতামত আহ্বান করেন, তখন আবার তাঁকে শিক্ষার্থীর স্বার্থে মতামত দিতে দেখি। যুক্তিজাল সাজিয়ে তিনি দীর্ঘদিন চলে আসা বাৎসরিক ছুটির তালিকা (হিন্দু মতে) এবং তাঁর মতে পরিবর্তিত বাৎসরিক ছুটির তালিকা—দুটিই পাশাপাশি সাজিয়ে পাঠিয়ে দিয়েছিলেন। আজকে স্কুলে বাৎসরিক ছুটির যে তালিকা পাই—তা যে বিদ্যাসাগরের প্রস্তাবিত—নমুনা দেখে মেনে নিতে কোন দ্বিধা থাকার কথা নয়। সেটি তুলে ধরি ঃ

Letter No. 1180, dated 30 November 1857, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to H. Woodraw, officiating Director of Public Instruction :

"With reference to your office letters bearing numbers and dates as per margin, requesting my opinion on the subject of vacation and Hindu holidays allowed to colleges and Collegiate Schools, I have the honour to observe that the present rules regarding them appear to me to be inconsistent and to require modification.

No, 1238, dated 3 Sept. 1857,
No. 1622, dated 5 Nov. 1857

2. A long vacation is allowed to some institutions during the hot season ater the annual examinations and to others in continuation of Doorgapuja holidays. Again different Hindoo holidays are allowed to different institutions. These arrangements I believe were made at varions times to suit the convenience of different institutions, but the vacations and holidays can I think to be regulated, that one uniform system may be introduced into them all. ...

4. On the occasion of the Doorgapoojah leave for a fortnight is allowed in the Colleges and Branch Schools and for 35 days in the Mufassil schools. The longer leave is I think granted in accordance with the leave allowed in Public offices on the consideration that the students of the Mufassil schools are for the most part children of Amlahs, Vakeels, etc., who leave the stations and go to their respective homes with their fathers on the occasion. The Mufassil Colleges likewise contain many students of the same description who are put to great inconvenience in consequence of the shortness of the holiday allowed to them during the Doorgapujah.

5. Under the above circumstances, I would recommend that the vacation for six weeks or two months at present allowed to Colleges and Schools be reduced to one month only and the leave during the Doorgapuja extended to 30 days. ...

No. 1

Statement of Vacation and Holidays as allowed at present in the Sanscrit College

| | | |
|---|---|---|
| Varonee | 1 | day |
| Ramnabamee | 1 | day |
| Jansmastamee | 1 | day |
| Mohalaya | 1 | day |
| Doorgapooja | 14 | day |
| Deepaneeta | 1 | day |
| Jagatdhatripuja | 1 | day |
| Sarasatipuja | 2 | day |
| Shibaratree | 1 | day |
| Charakpooja | 1 | day |
| Queen's Birthday | 1 | day |
| Vacation | 60 | day |
| | 85 | days |

No. 2

Statement of Vacation and Holidays proposal for all institutions

| | | |
|---|---|---|
| Dashahara | 1 | day |
| Rath on 2 occasions | 2 | day |
| Janmashtamee | 2 | day |
| Doorgapooja | 30 | day |
| Shamapooje | 3 | day |
| Jagaddhatreepooja | 2 | day |
| Kartickpooja | 2 | day |
| Christmas | 1 | day |
| New year's Day | 1 | day |
| Sarassatipooja | 2 | day |
| Shibratri | 2 | day |
| Dolejatra | 2 | day |
| Baroonee | 1 | day |
| Charakpooja | 2 | day |
| Ramnabamee | 1 | day |
| Vacation (May) | 31 | day |
| | 85 | days |

7. I append two list, one showing the number of holidays, etc., now allowed in the institutions under my charge and the other those which should be granted to all institutions generally. It will be seen that the number of days proposed in the second statement does not exceed the present number of holidays allowed in the Sanscrit College.

মজার ব্যাপার হল আগের তালিকায় থাকা 'Queen's Birth Day' নামে বরাদ্দ একদিনের ছুটি বিদ্যাসাগরের প্রস্তাবিক তালিকায় নেই দেখে কর্তৃপক্ষ বিদ্যাসাগরের কাছে জবাবদিহি করে বসে। [বিদ্যাসাগর কি ভেবে নিয়েছিলেন যে দেশ একদিন ইংরেজ শাসন মুক্ত হবে, তখন 'Queen's Birth Day' পালন করার দরকার পড়বে না-এমন কথা? কে জানে!] যাহোক প্রশাসকদের চিঠিটা দেখাই ঃ

Letter No. 1847, dated 1 December 1857, from H. Woodrow, Officiating Director, of Public Instruction, to Pundit Eshwar Chunder Sharmah, Principal of the Sanscrit College :

"With reference to your letter No. 1180, dated the 30, Ultimo, I have the honour to enquire whether you propose that the Queen's birthday should be unobserved in all Government Schools throughout Bengal as the vacation after the examination will not now necessarily fall in May."

[Files for letters received, 1856-59, Sanscrit College.]

জবাবে খুব সুন্দর করে বিদ্যাসাগর নিজের পক্ষে যুক্তিজাল সাজিয়ে অনড় থাকেন ঃ

Letter No. 1182, dated 5 December 1857, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to H. Woodrow, Officiating Director of Public Instruction :

"In reply to your letter No. 1847, dated 1st instant, I have the honour to state that in omitting the Queen's Birthday in the list of holidays, etc., I never intended that, that day should not be observed as a holiday in Government College and Schools, but I made no mention of it because it falls in the month of May in which I recommended the vacation to be allowed to those institutions.

I infer from your letter that it is in contemplation to change the period of the annual examinations. If this inference be correct, I would respectfully submit that the present arrangement is a judicious one and in my humble opinion cannot be altered without injury to the health and without detriment to the progress of the pupils. I would not enter into a discussion of the subject at this place but beg to refer you to my letter No. 784, dated 16th March 1852, to the secretary to the late Council of Education in which I represented of length the absolute necessity of making the present arrangement regarding the annual examinations and vacation of the Sanscrit College."

[Files for letters sent, 1857-59, Vol. IX, Sanscrit College.]

কীভবে দাপটের সঙ্গে কাজ করতেন বিদ্যাসাগর তা দেখে অবাক লাগে। এবং তাঁর প্রস্তাবিত ছুটি আজও খুব বেশী পরিবর্তন হয়নি, এখনও তাই অনুসরণ করা হচ্ছে বলতে হয়। এতোটাই তাঁর দুরদৃষ্টি ছিলো, বাস্তববোধও।

এবার একটু পিছিয়ে যাই। সংস্কৃত কলেজ নিয়ে নানা পরীক্ষা-নিরীক্ষা তৎকালীন প্রশাসকগণ করেছেন, কিন্তু কখনও রোগটির মূল কারণ অনুসন্ধান সেভাবে করেননি; যেটা করেছিলেন বিদ্যাসাগর। ১৮২৪ সালে প্রতিষ্ঠিত সংস্কৃত কলেজে ছাত্রদের জন্যে ইংরেজি ভাষা ও সাহিত্য এবং বিজ্ঞান পঠন-পাঠনের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয় ১৮২৭ সালে। কিন্তু ১৮৩৫ সালে অগ্রগতিতে সন্তুষ্ট হতে না পেরে বিভাগটি তুলে দেওয়া হয়। পরে ১৮৪২ সালে দুজন শিক্ষক পদ নিয়ে বিভাগটি যাত্রা শুরু করলেও ফলাফলে সন্তুষ্ট হতে পারছিলেন না কর্তৃপক্ষ। ওদিকে ফ্রি ইন্সটিটিউশন হবার সুবাদে অভিভাবকরা তাদের সন্তানদের ভর্তি করে দিলেও পরে যেই অন্য ইংরেজি স্কুলে পড়ার সুযোগ পেত, সেখানে চলে যেত—এটা একধরণের সমস্যা ছিলো সেকালেও। আর একদল শিক্ষার্থী দীর্ঘদিন অনুপস্থিত থাকায় তাদের নাম বাদ দেওয়া হলেও মাঝপথে যখন পুনরায় অ্যাডমিশন নিতে আসত—অনেক সময়ই তাদের ফেরানো যেত না। এসব কারণে পঠনপাঠনের মান বজায় রাখা সম্ভব হত না। এই ব্যবস্থার অবসান ঘটাতে বিষয়টি নিয়ে রিপোর্ট তৈরী করে বিদ্যাসাগর কাউন্সিল অব এডুকেশনের অনুমোদন চাইলেন যেখানে তিনি প্রস্তাব করলেন অ্যাডমিশন ফি বাবদ দু'টাকা ধার্য করা হোক, একইভাবে রি-অ্যাডমিশনের জন্যও সমপরিমাণ টাকা।

(Letter No. 817, dated 19 August 1852, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to E. j. Mouat, Secretary to Council of Education :

"I have the honour to state, for the information of the Council of Education, that it is the practice with some to get themselves admitted in the Sanscrit College, as students, and to run away in the course of a few months. It appears, that their guardians, finding the Sanscrit College a free Institution, get their boys admitted into some English school or other. The object of such a practice seems to be to keep the boys under some sort of control in the meantime. There are others again who frequently absent themselves and on that way have

their names struck off the Roll. This is no sooner done than they and their names struck of the Roll. This is no sooner done than they and their guardians importune so much for readmission that in many cases it becomes impossible to refuse the favour.

Under these circumtances, I beg leave to propose that, to prevent similar practices in future, to ensure regularity of attendance, as well as to exclude those who are not sincerely desirous of availing themselves of the benefits of Education afforded by this institution, an admission fee of two Rupees and a readmission fee of the same amount be fixed upon. I am persuaded that, in the present state of things, the adoption of such a measure will neither be impracticable nor be detrimental to the interests of the Institution. This measure, if adopted, will, it may be hoped, pave the way for the introduction of the pay system.

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College]

ইংরেজি স্কুলে চলে যাওয়া আটকাতে সংস্কৃত কলেজেই নভেম্বর ১৮৫৩ সালে শিক্ষক সংখ্যা বাড়িয়ে (ইংরেজি বিভাগটির জন্য দুজন প্রফেসর ও তিনজন শিক্ষক পদ অনুমোদন করানোর ব্যবস্থা হয়) ইংরেজি পঠন-পাঠনের ব্যবস্থা করে সুদিন ফিরিয়ে আনলেন বিদ্যাসাগর। এমনকি শিক্ষকদের বেতন-বৃদ্ধির ব্যাপারেও কর্তৃপক্ষকে পরে রাজী করালেন, যাতে শিক্ষক/প্রফেসরগণও বেশী বেতন পাবার সুযোগে সংস্কৃত কলেজ ছেড়ে চলে না যান।

Letter No. 969, dated 8 April 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to the Secretary to the Council of Education :

"I have the honour to submit the following remarks for the kind consideration of the Council.

For many years past, in most instances for a period of upward of twelve years, the Professors and Pundits of the Sanscrit College have received no increase of salary and as I can vouch for the zeal, industry and ability during the last three years, I feel most anxious that a general increase of salary should be granted to the present incumbents. ...

ঐ একই চিঠিতে ইংরেজি বিভাগটির কথা স্মরণ করিয়ে দিয়ে লিখলেন ঃ

" ... With regard to the English Department, I also feel compelled to recommend an increase to the allowances of the Professors of Literature and Mathematics. They each receive at present 100 Rupees per month. But in consequence of the recent demand of teachers for Government as well as private Educational service, their services, I have reasons to believe, would be gladly availed of, at 150 Rupees per month. They therefore cannot be reasonably expected to remain in the Sanscrit College at their present pay. I have therefore to propose that their salaries be increased to 150 Rupees per month. ..."

এসব ব্যবস্থায় শিক্ষকরাও উদ্বুদ্ধ হলেন, সুফল দেখা দিলো। অন্যদিকে মনে হতেই পারে অ্যাডমিশন রি-অ্যাডমিশন ফি চালু করে বিদ্যাসাগর বোধহয় ছাত্রবিরোধী কাজ করে বসলেন। নিজে যে দুঃখ-কষ্টের মধ্যে, আর্থিক অনটনের মধ্যে লেখাপড়া করেছিলেন, সেটা কিন্তু তিনি কখনও ভুলে যান নি। সমাধান হিসাবে দেখা যাচ্ছে সেই সময় ছাত্রদের স্কলারশিপের সংখ্যা বাড়িয়ে বিদ্যাসাগর ব্যাপারটার একটা সুষ্ঠু সমাধান করে দিলেন। আগে ইংরেজি বিভাগের জন্য একটাই স্কলারশিপ বরাদ্ধ ছিলো, সেটা ভেঙ্গে দশজনকে দেবার সংস্থান রাখলেন। সংস্কৃত কলেজে মোট ২৯

জনের জায়গায় ৩০ জনের জন্য স্কলারশিপ বরাদ্দ হলো। এতে ছাত্রদের মধ্যে উৎসাহ বেড়ে গেল, অন্যদিকে কোম্পানীর খরচ আগে যা ছিলো তাই থাকলো—অনুমোদন সহজেই পাওযা গেল।

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College].

সুফল ফললো। পরে এই ব্যবস্থাই কি তাঁকে সংস্কৃত কলেজে ইংরেজি ভাষা ও সাহিত্য বিষয়টি আবশ্যিক করার প্রেরণা দিয়েছিল, সঙ্গে বিজ্ঞানের শাখা সংযোজনে?

এবার বিদ্যাসাগর নজর দিলেন কলেজ লাইব্রেরির উন্নতিতে, বিশেষভাবে তিনি চিন্তিত ছিলেন ইংরেজি বিভাগের জন্য। ১৮৫১ সালে ২৭ আগস্ট গভঃ বুক এজেন্ট মোয়াটকে তিনি যে চিঠি লিখছেন সেটি তাঁর ক্ষেত্রে প্রথম দিককার, তাই তুলে ধরি ঃ

Letter No. 741, dated 27 August 1851, from Eshwarchandra Sharma, Principal of the Sanskrit College, to F. J. Mouat, Government Book Agent :

"I have the honour to request the favour of your purchasing and forwarding the undermentioned Books for the use of the English Department of this Institution.

| | | |
|---|---|---|
| Webster's English Dictionary | 1 | Copy |
| Walker's English Dictionary by Smart | 1 | " |
| Mill's Logic | 1 | " |
| Mill's Political economy | 1 | " |
| Hallame's Literature of Europe | 1 | " |
| Elphinstone's India | 1 | " |
| Murray's India | 1 | " |
| Tytler's Elements of History | 1 | " |

[Files for letters sent, 1849-51, Vol. 6, Sanskrit College].

তালিকা দেখলেই বোঝা যাবে শিক্ষার্থীদের কাজের বই, বিশেষভাবে দেখলে বোঝা যাবে এগুলি একই সঙ্গে রেফারেন্স বই। তাই নিজেই সন্তুষ্ট ছিলেন না বিদ্যাসাগর। আসলে সরকার অনুমোদিত বুক এজেন্টের মাধ্যমে বই কেনা ছিল বাধ্যতামূলক এবং সে সময় স্টোরে যা থাকত—তার মধ্য থেকেই চয়ন করতে হত। এ নিয়ে চিন্তিত ছিলেন বিদ্যাসাগর এবং ছাত্রস্বার্থে লাইব্রেরি যে খুবই দরকারী, কেননা সবার পক্ষে, বই কিনে পড়ার ক্ষমতা নাও থাকতে পারে। এসব ভেবে সরাসরি কাউন্সিলের সেক্রেটারি মোয়াটকে লিখতে বাধ্য হলেন। [এখানে একটা বিষয় ধরিয়ে দিই—অনেক সময় এডুকেশন কাউন্সিলের সেক্রেটারি এবং গভঃ বুক এজেন্টের দায়িত্বে থেকেছেন একই ব্যক্তি—যেমন মোয়াট]। চিঠিটা এরকম ঃ

Letter No. 759, dated 12 December 1851, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Secretary to the Council of Education :

"I have the honour to state, for the information of the Council of Education, that the Book allowance of 25 Rupees a month for the English Department has been applied to the purchase of class books, most of which are of a mere elementary character, such as spelling books, Prose and Poetical Readers, different sorts of elementary Grammars and Geographies ... I beg leave to propose that henceforth, the allowance be appropriated to the purchase of standard works with a view to the formation of a good little Library.

... The elementary class books being of moderate price, the pupils ought to and can provide themselves with these without much inconvenience, whereas it is not easy for all to purchase valuable standard works to which the students will have access if a Library be formed as proposed. ...''

I would further beg leave to propose that Council be pleased to authorise the sale of the super—abundant copies of certain Sanscrit Works in the Library. Even if class-books were allowed to be taken in all cases from the Liberary, more than one undred copies of several works will ever remain on the shelves untouched and to be wormeaten. As there is no regular book allowance for the Sanskrit Department, the income from this source may be applied to the purchase of Sanscrit works published here and in Europe.

I beg leave to encluse herein a memorandum of the books proposed for sale.''

[Files for Letters sent, 1849-51, Vol. 6, Sanskrit College.]

আরও পরে ১৮৫৫ সালে বই কেনার জন্য যে লিস্ট পাঠাতে দেখি বিদ্যাসাগরকে, তাতে বোঝা যাবে বিষয়টি নিয়ে তিনি কতভাবে চেষ্টা করেছেন লাইব্রেরিকে উন্নত করার কাজে।

Letter No. 1070, dated 23 June 1855, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College to the Government Book Agent :

"I have the honour to request the favour of your purchasing for the Sanscrit College Library the books mentioned in the annexed list.

List of Books required for the Sanscrit College Library

1 copy Macaulay's Essay, 1 Vol..
1 copy Mackintosh's Works, 3 vols.
1 copy Young's Works, 2 Vols.
1 copy Cowper's Works, 1 vols.
1 copy Dryden's works, 1 vol.
1 copy Gray's works, 1 vol.
1 copy Goldsmith's works, 1 vol.
1 copy Spencer's Fairy Queen, 1 vol
1 copy Chaucer's Canterbery Tables, 1 vol
1 copy Thampson's Poems, 1 vol.
1 copy Burn's works, 1 vol
1 copy Laughomes Platarch, 2 vols.
1 copy Johnson's Poets, 3 vols.
1 copy Hazhitt's English Poets, 1 vol
1 copy Hazlitt Dramatic Literature 1 vols
1 copy Hazlitt's comic Writers, 1 vol.
1 copy Marcel on Language, 2 vols.
1 copy Michand's Crusades. 3 vols.
1 copy Brougham's Men of letters, 2 vols.
1 copy Gillfellair's Portraits, 1 vol
1 copy Gleig's England, 3 vols.
1 copy Cyclopaedia of Biography, 1 vol.
1 copy Cyclopaedia of History, 1 vol
1 copy Greek literature (Ency paedia Metro) vol.
1 copy Roman Literature (Ency paedia Metro) vol.
1 Copy Greek Literature (Ency paedia Metro) 1 vol.
1 copy Miller's Philosophy of History, 4 vols.
1 copy Sismondi's Literature of Europe, 2 vols.
1 copy Locke's Philosophical works, 2 vols.
1 copy Life of Lorenzo De Medice, 1 vol.
1 copy Life of Leothe, 2 vols.
1 copy Irving's works, 10 vols.

[Files for letters sent 1854-57, Sanscrit College.]

সংস্কৃত কলেজের অধ্যক্ষের পদ ছাড়াও কয়েকটি গুরুদায়িত্ব তৎকালীন প্রশাসকগণ বিদ্যাসাগরের ওপর অর্পণ করেছিলেন—যেমন 'অ্যাসিস্টন্ট ইন্সপেক্টর অব স্কুলস', স্কলারশিপ পরীক্ষার প্রধান (প্রশ্নপত্র তৈরী করা এবং মূল্যায়ণ)। এসব কাজে তিনি কখনোই অরাজী হতেন না এবং অত্যন্ত দক্ষতার সঙ্গে পালন করতেন, তাই কর্তৃপক্ষ সন্তুষ্ট ছিলেন; পাঠানো রিপোর্টগুলি দেখে আরও চমৎকৃত হতেন তাঁরা। এতে একটা সুবিধাও হয়েছিল বিদ্যাসাগরের। স্কলারশিপ পরীক্ষায় কোন্ এলাকার কলেজের ছেলেদের কীরকম দক্ষতা আর উৎকর্ষ কোন্ পর্যায়ে পৌঁছছে—সেটা তিনি স্বয়ং নিবিড়ভাবে জানার সুযোগ পেতেন। পরবর্তী সময়ে সেই পরীক্ষার সেরা ছাত্রদের সংস্কৃত কলেজের শিক্ষক পদে যোগদান করানো জন্য সুপারিশ পাঠাতেন কর্তৃপক্ষের কাছে। তাঁর এই গুণ অন্য এক ব্যক্তিত্বের পরিচয় দেয়, যা তেমনভাবে আলোকিত নয়। কয়েকটি ঘটনা দেখা যাক। ১৮৫২ সালে হওয়া বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে স্কলারশিপ পরীক্ষায় যারা অংশ নিয়েছিল তাদের রিপোর্ট তৈরীর সময় বেছে নিলেন হিন্দু কলেজের ৬ জন ছাত্র, হুগলী কলেজের ২ জন ছাত্র, ঢাকা কলেজের ৩ জন ছাত্র, কৃষ্ণনগর কলেজের ১০ জন ছাত্রের নমুনা। এবার তাঁর রিপোর্ট থেকে অংশ বিশেষ দেখি—

"The performance of Babus Chundrakant Sen Goopta, Soorajkumar Sen, Pratapnarayan Singh, Matilal Mitra, Deenabundhu Mitra and Sadanand Banerjee, of the Hindu College, of Babu Harishankar Dutt of the Hooghly College, of Babus Kalicharan Chatterjee, Bhoobanmohan Raha and Krishnakumar Sen, of the Dacca College, and of Babus Prasannachandra Roy, Joggeshwar Mokherjee, Kalicharan Ghose, Brajanath Mookerjee, Sreenath Sen, Mohineemohun Roy, Shashibushan Bhaduri, Nilmani Gongooli, Jagabandhu Mookherjee and Dwarakanath Bhattacharja, of Krishnaghur College, are very satisfactory. The style of Babu Prosannachandra Roy, of the Krishnaghur College, is so very elegant and idiomatic, and he has grasped the subject so fully, that his Essay has obtained 44 marks out of 50, and stands the very best of the year. Some of the essay from the Hindu, Hooghly and Dacca Colleges, are so very poor in every respect that I could not persuade myself to give to them any marks at all.

In conclusion, I beg leave to observe that Krishnaghur is far ahed of the other Colleges in Bengali. Every essay of that College Shows that the due degree of attention is paid to their Vernacular studies by the students of that institution. The lowest number attached to the Krishnaghur paper is 15, which is above the average of the Hindu, Hooghly, and Dacca Colleges. The average of the Hindu College in 13-24, that of the Hooghly College 11-6, that of the Dacca College 12-57, while that of the Krishnaghur College is 28-1.

(General Report on Public Instruction, in the lower Provinces of the Bengal Presidency, from 1 October 1851 to 30 September 1852, pp. XXXIII—XXXIV).

এখানে বিদ্যাসাগরের রিপোর্টের পরিপ্রেক্ষিতে কাউন্সিল অব এডুকেশনের তরফে কি পদক্ষেপ নেওয়া হল তাও দেখানো যেতে পারে ঃ

Letter No. 1466, dated 22 August 1853, from F. J. Mouat, Secretary to the Council of

Education, to Pundit Eshwarchander Vidyasagar, Principal of the Sanscrit College.

"I have the honour by direction of the Council of Education, to request that you will kindly furnish them at your earliest convenience with a report as to whether the Bengali essay of Prosanno Chunder Roy of the Krishnaghur College, published in the Appendix to the General Report of last year, is worthy of the honour of a gold medal."

পরবর্তীকালে ১৮৫৩ সালে সংস্কৃত কলেজে ইংরেজি বিভাগটি যখন পুনর্গঠিত হচ্ছে, তখন কিন্তু বিদ্যাসাগর প্রসন্নকুমারের নাম নিজের কলেজের শিক্ষক পদে নির্বাচিত করে কাউন্সিল অব এডুকেশনের কাছে নিয়োগের সুপারিশ পাঠিয়ে দিতে দ্বিধা করেন নি ঃ

Letter No. 915, dated 27 October 1853, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.J. Mouat, Secretary to the Council of Education :

"The plan for the new organization of the English Department of this Institution ... I have the honour to recommend that the following gentlemen be selected to fill up the appointments in this Department : Baboo Prosonnocomar Sarbadhikary, Professor of literature-Salary Rupees 100. Baboo Srenath Das, Professor of Mathematics—Salary Rupees 100. Baboo Kaliprasanna Chatterjee, First Junior Master, Salary Rupees 50. Baboo Prosonno comar Roy, Third Junior Master, Salary Rupees 30.

The qualifications of Baboos Prosonnocumar Sarbadhikary, Sreenath Das and Kaliprasanna Chatterjea are too well-known to the Council, to require special mention here.

... Baboo Tarineecharan Chatterjea is an ex-student of the Krishnaghar College and is a good English scholar. In 1850 he held a senior scholarship of 30 Rupees a month. Baboo Prosonnochandra Roy is a student of the same College. He is a good English scholar and is the writer of the best Bengali Essay of the year 1851-52, which has been honoured with a gold medal.

I beg leave to state that I know these genttemen and my firm conviction is that they are in every respect competent to do full justice of the posts to which I have the honour to nominate them.

[Files for Letters sent, 1851-54, Vol-7 Sanscrit College.]

একইভাবে তিনি কৃষ্ণনগর কলেজ থেকে স্কলারশিপ পরীক্ষায় ভালো রেজাল্টের অধিকারী যোগেশ্বর মুখার্জীর নামও সংস্কৃত কলেজের শিক্ষক হিসাবে পাঠিয়েছিলেন কাউন্সিলের অনুমোদনের জন্য— 'Letter No. 966, dated 1 April 1854'. "... I also beg leave to propose that Baboo Tarineecharan Chatterjea, the second teacher be promoted to the post of the first. Baboo Prasanna Chandra Roy, the third teacher to that of the second and that Baboo Joggeswar Mookherjea be appointed the third teacher. Baboo Joggeswar was a distringuished student of the Krishnaghar College and has lately been transferred to the second College class of the Hindu College. I further beg leave to propose that these arrangement if sanctioned take place from the 15th of June next."

স্কলারশিপ নিয়ে আর একটি অন্য ধরণের চিঠি তুলে ধরি— যেখানেও তাঁর ছাত্রদরদী মনের পরিচয় পাওয়া যাবে। কতোটা বড় মনের মানুষ হলে, প্রতিটি ছাত্রের এমনকি পারিবারিক ব্যাপারে বিদ্যাসাগর চিন্তা-ভাবনা করতেন, তাঁদের

পক্ষ নিতেন— তা ভাবলে আশ্চর্য হতে হয়। এতে কি দারিদ্রের সঙ্গে ছাত্রবয়সে নিজের সংগ্রামী জীবনকে খুঁজে নিতেন? কত দুঃখ-কষ্টের মধ্যে, কত প্রতিকূল বাধা কাটিয়ে তাঁকেও প্রতিষ্ঠিত হতে হয়েছে সেকথা তিনি ভোলেননি, ভোলবার চেষ্টাও করেন নি। চিঠিটা দেখি ঃ

Letter No. 1220, dated 23 June 1858, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to W. Gordon Young. Director of Public Instruction :

"I have the honour to state, that Kallyprasanno Ghosal and Rajcoomar Sarbadhicurry, students of this College, who have successfully passed the last entrance Examination, have expressed a wish, the former to enter the Medical College, and the latter, the Doveton College. Both the parties are in the receipt of Senior Scholarships which, I beg to recommend, may be continued to, Kallyprasanno for two years, and to Rajcoomar for one year.

Kallyprasanno is not in easy circumstances, and unless he is allowed to retain his scholarship for two years, he will not, I am afraid, be able to prosecute his studies in the Medical College, in which institution, he will not have a chance of obtaining or scholarship previous to the expiration of that period. It is certainly very desirable, that students like Kallyprasanno should enter the Medical College, as with their knowledge of Sanscrit and the vernacular they will surely became very useful in supplying a great want, viz., the compilation in the vernacular of works on such sciences as physiology, Chemistry, Botany, Natural History, etc."

[Files for Letters sent, 1857-59, Vol. IX, Sanscrit College.]

কি অসাধারণ উচ্চাকাঙ্ক্ষা! আগে আমরা দেখেছি সংস্কৃত কলেজে ছাত্রদের মাঝপথে চলে যাওয়া আটকাতে অ্যাডমিশন ফি-চালু করেও ছাত্রদের স্কলারশিপের সংখ্যা বাড়িয়ে তিনি একটা সমাধান করেছিলেন। অনেক পরে যখন কর্তৃপক্ষ নিজেরাই শিক্ষাপ্রতিষ্ঠানের কি বাড়িয়ে দেন, তখন কিন্তু বিদ্যাসাগর নিজেই আপত্তি করেছেন, চিঠি লিখেছেন, যুক্তিজাল সাজিয়েছেন এবং বিকল্প ভাবনার সন্ধান দিয়েছেন। একই সঙ্গে প্রেসিডেন্সি ও সিভিল-ইঞ্জিনিয়ারিং কলেজের মাসিক ফি'-র সাথে সংস্কৃত কলেজের ব্যাপার এক করে দেখা অযৌক্তিক—এমন কথা জোরের সঙ্গে জানিয়েছেন। মূল চিঠিটির ছত্রে ছত্রে তিনি কীভাবে যুক্তিজাল সাজিয়েছেন— তা পড়লে অবাক হতে হয়। কোন এক সময় বিদ্যাসাগর সংস্কৃত কলেজে মাঝপথে ছেড়ে যাওয়া ছাত্রদের আটকাতেই অ্যাডমিশন ফি চালু করার কথা ভেবেছিলেন, সে সময় শিক্ষা সঙ্কোচন তাঁর উদ্দেশ্য ছিল না। এখন কর্তৃপক্ষের ভাবনা যে 'free student'দের 'free-paying system'-এ আনার কারণে শিক্ষা সঙ্কোচনের রাস্তা তৈরী হবে; মাঝপথে নয়-শুরুতেই অনেক মেধাবী ছাত্র পড়তে আসাই বন্ধ করতে বাধ্য হবে, দারিদ্রতার কারণে অভিভাবকরাও আগ্রহী হবেন না—এমন আশঙ্কার কথা জানিয়েছেন বিদ্যাসাগর। চিঠিটি দেখা যাক ঃ

Letter No. 1217, dated 3 June 1858, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to W.Gordon Young, Director of Public Instruction :

"With reference to your letter No. 1156, dated 6th Ultimo, I have the honour to observe that if the present free students were brought under the fee-paying system as therein directed, the greatest portion of them will be compelled to leave the Institution in consequence

of inability to pay the present rate of fee, much less the enhanced rate which is contemplated in your memorandum of the 18th March last.

These students have enjoyed the privilege of free education for 4, 5, and 6 years, and if the privilege, to which in my humble opinion they are fairly entitled, be continued to them for some time more, they will be able to reap the full benefits of the education imparted in this College. It would, therefore, be hard for them, if the privilege were withdrawn at such a juncture.

In year memorandum above alluded to, it is contemplated to increase the present rate of fee to such an amount, as would approximate that levied in the Presidency and Civil Engineering Colleges, namely Rupees 5/- per month. I apprehend that it is intended that the rate should be fixed at four Rupees per month at the least. Such increase appears in my humble judgement to be exorbitant, and I am afraid, that very few of the present fee-paying students will be able to pay the enhanced rate, and that the prospects of new admissions will be more than precarious. I feel quite convinced that if the proposed measures be carried out, there is every probability of the institution being totally abandoned in no time. A result like this contrary to the wishes of the Honourable Court of Directors as expressed in paragraphs 8 and 62 of their Education Despatch of July 1854, in which they, distinctly say, that, "We do not wish to diminish the opportunities which are now afforded in special institutions, for the study of Sanscrit, Arabic, and Persian Literature," and that it is far from our wish to check the spread of education in the slightest degree by the abandonment of a single school to probable decay."

Under these circumstances, I beg respectfully to submit the matter for your consideration and take the liberty of making the following suggestions.

First, that the present free students may be continued as such.

Secondly, that the present fee-paying pupils continue to pay the fee of one rupee per month.

Thirdly, that pupils admitted hereafter be required to pay a fee of 2 Rupees per month.

If the foregoing suggestions are adopted, the interests of the Institution will in no way be injured. More than the above, I cannot conscientiously recommend and I trust you will be pleased to give the subject your mature deliberation previous to passing final orders."

[Files for letters sent, 1857-59, Vol. IX, Sanscrit College.]

অর্থাৎ ব্রিটিশ প্রশাসকদের তৈরী নিয়ম দিয়েই তিনি দেখিয়ে দিলেন কোথায় ভুল হচ্ছে, ভবিষ্যতে কি ঘটতে পারে, এবং বিকল্প ভাবনা কি আছে তাঁর কাছে।

বই নিয়ে বিদ্যাসাগর বরাবর আগ্রহী ছিলেন—কি রচনায় অথবা বিপননে অথবা পাঠক তৈরীতে। ছাত্রদের মধ্যে শিক্ষাপ্রতিষ্ঠানের বাইরে যখনই তারা সুযোগ পাবে, বিশেষ করে মেধাবী ছাত্রেরা, তাদের মধ্যে ধারাবাহিক পাঠাভ্যাসের কথা ভাবতেন তিনি এবং সে ভাবনা বাস্তবায়িত করার পথেরও সন্ধান করতেন। একটা নমুনা পেশ করি। প্রিন্সিপ্যাল হিসেবে তখনও যোগ দেননি, কিন্তু একবারে শুরুর দিকে Officiating Secretary হিসেবে বইয়ের পাঠক তৈরী

করতে মেধাবী ছাত্রের হাতে স্কলারশিপের টাকার বদলে সমদামী বই তুলে দেবার একটা পারিকল্পনার কথা জানালেন চিঠিতে।

Letter No, 678, date 13 January 1851 from Eshwarchandra Sharma, Officiating Secretary to the Sanscrit College to F.F.C. Hayes, Officiating Secretary the Council of Education :

"I have the honour to state that by orders of the Council, dated 13th March 1850, Book prizes are to be substituted instead of Money prizes heretofore given to the best students of the Grammar Department. Since of the books selected for prizes are Shishupalabadha and Kiratarjuniya of which there are 200 copies each in the College Library, I therefore beg leave to propose that 4 copies of each of the above works be taken from the Library to award to the prize students. The Library can also very conveniently spare 26 copies of Mugdhabodha and 21 copies of Amarakosha. The price of all these books amount to Rs. 79-8-0. Should the Council be pleased to adopt the proposal, Rupees 70-8-0 only will be required for the purchase of other books selected for prizes.

I further beg leave to state that by the award of the Examiner of the English Department, prizes are to be given to six students. I have selected the prize books and their price amounts to Rupees 57-8-0. I beg permission of the Council to request the Government Book Agent to have these books purchased and place the same to the account of the Book allowance sanctioned for this Department."

[Files for letters sent, 1849-51, Vol. 6, Sanscrit College.]

এবারে অন্য একটা তৎকালীন সামাজিক সমস্যার সাথে শিক্ষাপ্রতিষ্ঠানের সম্পর্ক এবং তা নিয়ে টানাপোড়েন আর বিদ্যাসাগরের বাস্তববোধের কথা আলোচনা করি— যেটি সে সময়কার সংস্কৃত কলেজে ছাত্রদের অ্যাডমিশন সংক্রান্ত বর্ণভিত্তিক/জাতপাত ভিত্তিক ব্যাপার। বা বলা যায় সংস্কৃত কলেজে ব্রাহ্মণ ও বৈদ্যজাতির ছাত্র ছাড়া অন্য বর্ণের ছাত্র-সম্প্রদায়ের পড়াশোনার সুযোগ/অধিকার সংক্রান্ত গুরুতর বাপার। ব্রিটিশ প্রশাসকদের অবশ্য এ ব্যাপারে কোন অর্গল ছিল না, সুযোগ সবাইকে দেওয়ার পক্ষেই ছিলেন তাঁরা। ৭ই জানুয়ারী ১৮৫১ কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারি মোয়াট বিদ্যাসাগরকে একটা রিপোর্ট তৈরী করতে আহ্বান জানালেন— সংস্কৃত কলেজে ব্রাহ্মণ ও বৈদ্যজাতির ছাত্র ছাড়া অন্যান্যদের পড়াশোনার সুযোগের ব্যাপারে; এ ব্যাপারে সংস্কৃত কলেজের প্রধান প্রধান পণ্ডিতদের অভিমত বা কি— জানাতে বললেন।

ইতিমধ্যে সংস্কৃত কলেজে প্রিন্সীপ্যালের দায়িত্ব পেলেন বিদ্যাসাগর। সেখানে নানা দিক বিবেচনা করার পর তিনি দু নম্বর পয়েন্টে বললেন—'In reply I beg leave to state that I see no objection to the admission of other castes than Brahmanas and Vaidyas or, in other words, different orders of Shudras, to the Sanscrit College. But as a measure of expediency, I would suggest that at present Kayasthas only be admitted ... [Letter No. 702, dated 28 March 1851] এভাবে তিনি একটু একটু করে সংস্কৃত কলেজের দ্বার উন্মুক্ত করতে চাইলেন, যা পরে বিশেষজ্ঞদের মন্তব্য করতে উৎসাহ দেয় যে—'Personally he was against casteism in the field of education but his liberal outlook was tempered by practical wisdom." [Unpublished Letters of Vidyasagar, P-39.]

জুলাই ১৮৫১ থেকে কায়স্থজাতির ছাত্রদের জন্য সংস্কৃত কলেজের দ্বার উন্মুক্ত হওয়ার পর সরকারী রিপোর্ট ৩৭৬ জন ছাত্রদের বর্ণভিত্তিক বিভাজন এরকম ঃ ব্রাহ্মণ-৩০৬, বৈদ্য-২৮, কায়স্থ-৪২ জন। [General Report on Public Instruction, in the Lower Provinces of Bengal Presidency, from 1 October 1850 to 30 September 1851, p.33]. দেখতে পাচ্ছি অন্তরালে ছাত্রদের জন্য বিদ্যাসাগর কিন্তু কাজ করে যাচ্ছেন। যদিও সে সময় অন্যান্য বর্ণের জন্য জোরালো দাবী উঠেছিল, কিন্তু বিদ্যাসাগরের মতামতই তৎকালীন প্রশাসকরা তখনকার মতো মেনে নেন। এবং অনেক পরে অবশ্য সবাইকার জন্যই দ্বার উন্মুক্ত করা হয়েছিল—সে অন্যকথা।

আর একটি ব্যাপারে সংস্কৃত কলেজের ছাত্রদের জন্য তাঁর দরদী মনোভাবের কথা বলা যেতে পারে। পাশাপাশি দুটি প্রতিষ্ঠান থাকলে সেখানে পাঠরত কমবয়সী ছাত্রদের মধ্যে নানা মনোভাব কাজ করে। চূড়ান্ত পর্যায়ে গেলে অপ্রীতিকর পরিস্থিতি তৈরী হয়, শারীরিক নিগ্রহের ঘটনাও ঘটে যেতে পারে। প্রতিষ্ঠানের কর্ণধারদের দায়িত্ব পড়ে আলোচনার মাধ্যমে মিটিয়ে দেওয়া, না হলে কড়া হতেই হয়। হিন্দু কলেজ (প্রতিষ্ঠাকাল ১৮১৭) আর সংস্কৃত কলেজ (প্রতিষ্ঠাকালে ১৮২৪) পাশাপাশি। স্বচ্ছল পরিবারের ছেলেরা পড়ত হিন্দু কলেজে, তুলনায় কম স্বচ্ছল গরীব পরিবারের ছেলেরা পড়ত সংস্কৃত কলেজে—যার প্রমাণ বিদ্যাসাগর নিজে। ওদিকে কিছু ছাত্রদের মধ্যে মারামারির ঘটনা ঘটে গেছে। বিদ্যাসাগর এ ব্যাপারে মোট তিনটি চিঠি লিখেছিলেন, দুটি হিন্দু কলেজের প্রিন্সীপ্যালকে, আর একটি এডুকেশন কাউন্সিলের সেক্রেটারি মোয়াটকে যেখানে ঘটনার বিস্তৃত বিবরণ আছে, তাই সেখানে থেকে তুলে ধরি। ফেব্রুয়ারী ১২ এবং এপ্রিল ২০, ১৮৫২ তে হিন্দু কলেজের প্রিন্সীপ্যালকে চিঠি লেখার পর ২৪ আগষ্ট ১৮৫২ সালে মোয়াটকে লিখছেন ঃ

"I have the honour to report, for the information of the Council of Education, that, on Thurday, the 26 instant, some of the little boys of the Sanscrit College complained to me that they were beaten at the hour of recreation, by some of the students of the junior school Department of the Hindu College. But as they were unable to identify the parties who beat them, no investigation of the matter could be made. To prevent, however, the recurrence of similar collision at such hours I placed a Durwan, on the day following, on the southern verandah of the Sanscrit College building where the above quarrel had taken place. This measure had the desired effect. But on Saturday morning before the classes had assembled, and while I was absent from the College, Lakhinarayan, a student of the first class of the Junior School Department of the Hindu College and several of his comrades rushed into one of the class rooms of the Sanscrit College in the southern side in pursuit of two boys of the Sanscrit College. One of the latter escaped and the second was caught hold of by the throat by the said Lakhinarayan, and beaten by him. On witnessing this, other students of the Sanscrit College Sitting in the room interfered and one of them seized Lakhinarayan for, as I understand, bringing him to me, his comrades having escaped, Lakhinarayan kicked the boy who had caught him and on this a struggle ensued between the two. When the Sancrit College Darwan became aware of the disturbance he seperated the parties and liberated Lakhinarayan.

The matter however did not end here. On Monday at $4^1/_4$ P.M. when the Sanskrit College closed, three European sailors were seen, at a little distance in the outside from the College

gate to beat several students of this Institution. When informed of this I sent some servants of the College to see what was the matter. They reported that two or three students of the Hindu College were directing the sailors to beat the Sanscrit College boys but that in their approach the sailors had ran away. Soon after, it was ascertained that the sailors were hired by the students of the Hindu College. An enquiry was consequently instituted the day following by Mr. Sutcliffe, the Principal of the Hindu College and myself in which the following particulars were elicited which I beg leave to submit for the consideration of the Council.

A contribution of two annas per head was raised amongst the students of the first Junior School Class of the Hindu College to Hire the sailors and the money raised was placed in the hands of Jogesh Chandra Mitra of the same class who hired the sailors, brought them with him and placed them behind the carriages (which usually assembled at 4 P.M. before the College gate) for the purpose of beating the Sanscrit College students on their way home at $4^1/_4$ P.M. Bunamali Mullic another student of the same class went out of the College to aid Jogesh in giving necessary instructions to the sailors.

From all that I know of the students of the Sanscrit College I can safely affirm that they are in offensive, and, being generally poor, quite incapable of acting the part of aggressors against the students of the Hindu College, who are, for the most part, sons of rich men ... I have nevertheless, severly reprimanded the Sanscrit College student, who was on collision of Lakhinarayan and threatened him with expulsion should he involve himself a second time in such affair. I have also, as a precautionary measure, directed the doors, opening to the southern verandah to be kept closed daily before the classes assemble and at hours of recreation and I trust these measures will put a stop to such disturbances in future."

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanscrit College.]

এই হলেন বিদ্যাসাগর, অন্যায় দেখলেই ব্যবস্থা নিতে পিছপা হতেন না, এবং নিজের প্রতিষ্ঠানের ছাত্রদেরও সুপথে আনার জন্য নানারকম ব্যবস্থা নিতেন। তবে তাঁর সময়ে ঘটে যাওয়া এই ঘটনাটি অভিনব এতে কোন সন্দেহ নেই।

ছাত্র-শিক্ষকদের জন্য, তাদের শারীরিক কষ্ট লাঘবের জন্যও তিনি কলম ধরেছেন। একটা চিঠি তুলে ধরি ঃ

Letter No. 723, dated 30 May 1851, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College to E. Goodeve, Officiating Secretary to the Council of Education :

"I have the honour to transmit the accompanying application for the Professors and English Masters of the Institution, praying for a short vacation on account of the exessive heat of the season.

As a matter of fact, these are important measures that may be taken to remove the obstacles that our Parliamentary System are being confronted with every now and then in achieving its objectives, but can never be the sufficient conditions to this end. The present author has tried to throw some light. In fact, political change isacontinuous process and in India the process of political change is a very complex phenomenon leading to create many a complex problem for the parliamentary system. Hence, what more appropriate measures will be better effective in achieving the fundamental objectives of Parliamentary System in India should be decided in terms of the changing reality today and also that in the years to come.

*References:*

1. Gisbert, P. Fundamentals of Sociology. Orient Longman; Calcutta: 1999.
2. Internet.
3. Kar, ParimalBhusan. Samajtatwer Ruprekha. Calcutta: Central; 1989.
4. Nanda, B. ed. Essays in Modern Indian History. Bombay: OUP; 1980.

# প্রসঙ্গ : 'গৌড়েশ্বর'

**আবদুস সালাম**

অনেকেই দীর্ঘদিন লিখেও অনাবিষ্কৃত থেকে যান। পরিচিতি পান না। অঞ্জন সেনগুপ্ত সেরকমই একজন। লিখে চলেছেন কিন্তু পরিচিতি পাননি। লিটিল ম্যাগাজিনের লেখক। ইদানিং পরিচিতি পাচ্ছেন। সৌজন্যে 'আনন্দমেলা'। 'রবিবাসরীয় আনন্দবাজার'।

জীবনের প্রথম লেখা একটি পদ্য। শক্তি চট্টোপাধ্যায়ের ছায়ায় নির্মিত।

ছড়া-কবিতা-গল্প-উপন্যাস-শিশুসাহিত্য-ভ্রমণকাহিনি-প্রবন্ধ-নিবন্ধ-নাটক-গণসংগীত... সাহিত্যের প্রায় সব শাখাতেই তিনি তাঁর প্রতিভার পরিচয় দিয়েছেন।

'বিড়ালের থাবা' একটি ভূতের গল্প। সন্দেহ নেই এটি শিশুদের জন্য অত্যন্ত আকর্ষণীয় একটি লেখা। কিন্তু এর অসামান্য আবেদন সব বয়সের পাঠকের মন ও মননে গভীর প্রভাব ফেলতে বাধ্য।

'জলঢোঁড়া' চমৎকার। তবে 'ধনকুদরা' এবং 'টোপ' বাংলা গল্পসাহিত্যের ধারায় নতুন সংযোজন। বিশেষত 'ধনকুদরা'। গল্পটি মিথের অসামান্য প্রয়োগ ও লেখকের সৃজনশক্তির যুগলবন্দি। প্রকৃতপক্ষে 'ধনকুদরা' এমন একটি গল্প যার ভেতরে আস্ত এক উপন্যাস ঘুমিয়ে আছে।

বলা যায় উপন্যাস রচনাতেই অঞ্চন সেনগুপ্ত সব চেয়ে বেশি সফল হয়েছেন। 'ভূমিতল', 'জলপাহাড়', 'বনজোছনায় জারোয়ারা', 'সংশোধনাগার থেকে বলছি' প্রভৃতি তাঁর উল্লেখযোগ্য উপন্যাস। তবে ইতিহাসাশ্রিত 'গৌড়েশ্বর' উপন্যাসে তিনি যে পরিশ্রম ও পরিচর্যার স্বাক্ষর রেখেছেন তা এক কথায় অবিস্মরণীয়।

উপন্যাসের শুরু থেকেই ঐতিহাসিক উপন্যাস লেখার চল বাংলা সাহিত্যে বিদ্যমান। অঞ্জন সেনগুপ্তের 'গৌড়েশ্বর' সেই ধারায় অন্যতম সংযোজন। ঐতিহাসিক উপন্যাসের চেনা সড়ক ধরে তিনি হাঁটেননি। অবশ্য এ কথা ঠিক যে বঙ্কিমের 'রাজসিংহ' কিংবা শ্যামল গঙ্গোপাধ্যায়ের 'শাহজাদা দারাশিকো'-র মতো ইতিহাস প্রসিদ্ধ চরিত্রনির্ভর উপন্যাসের পথ অনুসরণ করেই লেখক 'গৌরেশ্বর' নির্মাণ করেছেন। উপন্যাসের নামকরণের ক্ষেত্রে মাহমুদশাহী বংশের শ্রেষ্ঠতম সুলতান রুকনুদ্দীন বারবক শাহ অথবা হোসেনশাহী বংশের শ্রেষ্ঠতম সুলতান হুসন খাঁ সৈয়দ আলাউদ্দিন হোসেন শাহের নাম সরাসরি উল্লেখ করা না হলেও ইতিহাস প্রসিদ্ধ এই দুই মহান শাসকের শাসনকাল আলোচ্য উপন্যাসের প্রধান উপজীব্য এবং তা ইতিহাসের স্বীকৃত পথ অবলম্বনেই গ্রথিত হয়েছে।

'গৌড়েশ্বর' দুই খণ্ডে দুটি পৃথক গ্রন্থাকারে প্রকাশিত হলেও প্রকৃতপক্ষে এটি একটাই উপন্যাস।

সহযোগী অধ্যাপক, গভর্নমেন্ট টিচার্স ট্রেনিং কলেজ, মালদা। E-mail : abdus3023@gmail.com

বাংলা ঐতিহাসিক উপন্যাসের অতি পরিচিত পন্থা হল ইতিহাসের কোনও একজন সুবিখ্যাত চরিত্রকেই প্রধান চরিত্রের শিরোপা দান। গোটা উপন্যাস জুড়ে কারণে অকারণে সেই চরিত্রের প্রবল দাপাদাপি। অনৈতিহাসিক চরিত্র স্থান পায় বটে কিন্তু কক্ষে পায়না।

'গৌড়েশ্বর' পাঠকের কাছে নিয়ে এলে এক নতুন অভিজ্ঞতা। কাহিনিবিন্যাস, চরিত্রচিত্রণ, প্লটরূপায়ণ ইত্যাদি পূর্বের চেনা পথ ধরে এগোলেও 'গৌড়েশ্বর'-এর প্রধান চরিত্র সম্পূর্ণ অনৈতিহাসিক এক 'ভুলাইয়া'।

প্রথম খণ্ডের প্রকাশকের বর্ণনায় :

"এই উপন্যাসে একটি রহস্যময় অনৈসর্গিক ও অনৈতিহাসিক চরিত্র রয়েছে। কেউ তাকে ডাকে ভুলাইয়া, কেউ বলে মুসাফির আবার কেউ ডাকে ফকিরবাবা বলে। রাজ্যের সর্বত্রই এর চলাচল। যুগ যুগ ধরে নদনদী, আবহাওয়া, সবুজ বনানীর মতই সে জড়িয়ে রয়েছে এই গৌড়রাজ্যের সাথে।"

অনুমান করা যায় প্রকাশকের বকলমে এটি লেখকেরই পরাবাস্তবতা।

উপন্যাসের একেবারে শুরুতেই 'ভুলাইয়া'র আবির্ভাব :

"ভাঙা মন্দিরের জমাট অন্ধকারে ছায়ামূর্তিটা পাশ ফিরতেই এক দঙ্গল চামচিকা ফরফর করে এপাশ থেকে ওপাশে উড়ে গেল।"

এই ছায়ামূর্তিটাই পরবর্তীতে প্রকাশ্য দিবালোকে 'ভুলাইয়া' বা 'ফকিরবাবা'র চিত্রকল্পে রূপান্তরিত হয়েছে। গোটা উপন্যাসটাই আবর্তিত হয়েছে 'ভুলাইয়া'কে কেন্দ্র করে। এই চরিত্রটিকে যদি 'গৌড়েশ্বর' থেকে ছেঁটে ফেলা হয় তাহলে মুহূর্তেই ইতিহাসের হাড্ডিসার কঙ্কাল বেরিয়ে পড়বে, উপন্যাসের সজীব কলেবর রূপ পরিগ্রহ করতে সমর্থ হবেনা।

বলা বাহুল্য বাংলা ঐতিহাসিক উপন্যাস রচনায় এই বিরল কৃতিত্বের রূপকার অঞ্জন সেনগুপ্ত।

সমগ্র উপন্যাস জুড়ে একের পর এক খুনজখম, রাজনৈতিক হত্যালীলার চমকপ্রদ সন্নিবেশ ঘটানো হয়েছে। ইতিহাসের বিভিন্ন তথ্যসত্য এক্ষেত্রে আকর হয়ে উঠেছে। গৌড়ের রাজধানী 'লখনৌতিয়া' এই উপন্যাসের মূল কেন্দ্রবিন্দু। পটভূমি। ৮৩৯ হিজরি থেকে ৯২৫ হিজরি অর্থাৎ ১৪৩৫ থেকে ১৫১৯ খ্রিস্টাব্দ পর্যন্ত এই উপন্যাসের সময়পর্ব।

রুকনুদ্দীন বারবক শাহের সৌন্দর্যবোধের উৎকৃষ্ট নিদর্শন তাঁর কারুকার্যখচিত প্রাসাদ। রুকনুদ্দীনের শাসনকালের সমস্ত খুঁটিনাটির বর্ণনা লেখকের কলমে নবরূপ লাভ করেছে। উপন্যাসের বিশাল অংশ জুড়ে রুকনুদ্দীনের রাজ্যপাট ও সেই সংক্রান্ত কাহিনি প্রথম খণ্ডের মূল বিষয়। রুকনুদ্দীন বারবক শাহের সহোদর জালালুদ্দিন ফতেহ শাহকে খুন করে পাইক সর্দার খওয়াজা সেরা বারবকের গৌড়মসনদ লাভের পর প্রথম খণ্ডের সমাপ্তি ঘটেছে। দ্বিতীয় খণ্ডের বিশাল অংশ জুড়ে বর্ণিত হয়েছে হাবশি সুলতানদের হাতে গৌড়সিংহাসন রক্তাক্ত হওয়ার নির্মম কাহিনি। অবশেষে সুলতান আলাউদ্দিন হুসেন শাহের সুযোগ্য নেতৃত্বে দীর্ঘ সময়পর্বে গৌড়ে বিরাজমান শান্তিশৃঙ্খলার নিপুণ কাহিনি দক্ষতার সঙ্গে লেখক বিন্যস্ত করেছেন।

রুকনুদ্দীন বারবক শাহের স্ত্রী রাবেয়া। এই চরিত্রটি লেখকের মানসকন্যা। রাবেয়া চরিত্রের মধ্যে ঘরনীর যে আদলটি লেখক ফুটিয়ে তুলেছেন তা যেন আমাদের চিরচেনা :

"রাবেয়ার মাথায় সাতসকালেই দুষ্টুমি, খুনসুটিগুলো। হাসতে হাসতে আশমানের দিকে তাকিয়ে বললেন—সুলতানের বোধহয় রাজবদ্যির প্রয়োজন আছে। অন্তরঙ্গ অনন্ত সেনকে তলব পাঠাব সুলতান?

— কেন বেগম, তোমার কি তবিয়ত খারাপ করছে? সুলতান মুচকি হেসে বেগমের কথা তাঁকেই ফিরিয়ে দেন।

— না সুলতান আমার তবিয়ত ঠিক আছে। আশমানে আপনি একটাও কবুতর দেখতে পাচ্ছেন না, তাই বলছিলাম আঁখজোড়া দেখিয়ে নিন। গলার স্বরটাকে একটু খাটো করে প্রায় ফিসফিস করে আবারও বললেন—শেযে সুলতান একদিন বলবেন, বেগম আমি তোমাকে নজর করতে পারছি না। এই বলে বেগম খিলখিল করে হেসে ওঠেন।"

সুলতানের ঘরোয়াজীবনের পাশাপাশি তাঁর শাসকজীবনের বিভিন্ন সময়পর্বে রাবেয়া বহু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

গৌড়রাজধানীর বর্ণনা লেখকের ভাষায় সুন্দর রূপ লাভ করেছে :

"লখনৌতিয়া ঢুকতে গেলে দু'টি ফটক পেরিয়ে ঢুকতে হয়। ভাগীরথী নদীর তীরে উত্তর থেকে দক্ষিণে দীর্ঘ একমাইল আবার কখনও তা সিকি মাইল। রাজধানীর বাইরে দিয়ে সুবিশাল প্রাকার দিয়ে ঘেরা। এই প্রাকার উচ্চতায় প্রায় তিরিশ ফুট এবং চওড়ায় প্রায় একশ নব্বই ফুট। সব কোণেই রয়েছে বিশাল আকৃতির বুরুজ। তার বাইরেই রয়েছে প্রায় দু'শ ফুট চওড়া গভীর পরিখা।"

ছুটিয়াপাটিয়া নদীর আচরণ, ত্রিহুত প্রভৃতি রাজ্যজয়ের সংকল্প, সমকালীন সমাজের সহমরণ প্রথা সর্বোপরি ভুলাইয়ার কণ্ঠের কবিতা রচনা সর্বত্রই লেখক শিল্পীমনের পরিচয় দিয়েছেন। একজন বিচক্ষণ ও বিদ্বান সুলতান হিসেবে রুকনুদ্দীন বারবক শাহের সর্বাঙ্গীণ ছবি ফুটিয়ে তুলতে লেখক কোনও কার্পণ্য করেননি।

ভাষায় আরবি ফারসি শব্দের আধিক্য আছে। হতে পারে সেটা বিষয় নিরিখে। কিন্তু সর্বনামের সঙ্গে ক্রিয়াপদের সাযুজ্য না থাকাটা আপত্তিকর। যদিও আজকাল অনেক শিক্ষিত মানুষের মুখেই 'উনি বলল' এ রকম অশুদ্ধ বাক্যবন্ধ হামেশাই শুনতে পাই। এ. এন. চমস্কির অনুসরণে বলা যায়, সংযোগের ভাষা হিসেবে এগুলি অশুদ্ধ হলেও গ্রহণযোগ্য। কিংবা চরিত্রের সংলাপেও চরিত্র অনুসারে এসব বসতেই পারে। কিন্তু লেখকের বর্ণনায় এ জিনিস ভীষণই বিরক্তিকর। কিছুক্ষেত্রে লেখক একই চরিত্র সম্বন্ধে কখনও 'বলল' আবার কখনও 'বললেন' লিখেছেন। এসব গরমিল পাঠককে অবশ্যই বিচলিত করবে। পাঠকের কথা মাথায় রেখে এই আলোচনায় উক্ত গরমিলগুলোর সংশোধন করে কোটেশন ব্যবহার করা হয়েছে।

দ্বিতীয় খণ্ডের 'কিছু স্বীকারোক্তি' অংশে লেখকের বক্তব্যের অংশবিশেষ প্রণিধানযোগ্য :

"প্রথম খণ্ডটিতে যেমন স্থান পেয়েছে মাহমুদশাহী বংশের পরম্পরা, প্রজাদের সুখস্বাচ্ছন্দ্য, রাজ্যের সড়কব্যবস্থা, গৌড়রাজ্যের ইট তৈরির পদ্ধতি, সময়ের নিরিখে অমৃতফলের ব্যবহার, অন্য দেশের সাথে ব্যবসাবাণিজ্য, স্থাপত্য ও সংস্কৃতি এবং হিন্দুমুসলমানের মধ্যে সৌভ্রাতৃত্বের পরিচয়। আর সেই সাথে রাজ্যের সীমাবৃদ্ধির প্রচেষ্টা এবং সফলতা।

দ্বিতীয় খণ্ডটিতে শুধুমাত্র স্থান পেয়েছে আলাউদ্দিন হুসেন শাহের রাজত্বকালের সময় এবং তাঁর ব্যক্তিগত জীবন।"

রুকনুদ্দীন বারবক শাহ ও আলাউদ্দিন হুসেন শাহ এই প্রধান দুই ঐতিহাসিক চরিত্র 'গৌড়েশ্বর' উপন্যাসে প্রাধান্য পেলেও আরও নানা ছোটখাটো ঐতিহাসিক ও অনৈতিহাসিক চরিত্রের বুননে উপন্যাসটির প্রাণ প্রতিষ্ঠিত হয়েছে।

সুদীর্ঘ ৫৫ বছর গৌড়ের সিংহাসনে রক্তের দাগ লাগতে পারেনি। কিন্তু রুকনুদ্দীন বারবক শাহের মৃত্যুর পর সেই ঐতিহ্য একেবারে ধূলিসাৎ হয়ে যায়। মাত্র আড়াই মাসের ব্যবধানে ফতেহ শাহ এবং তাঁর ঘাতক পাইক সর্দার 'শাহজাদা' খুন হয়ে যান। এর পর সিংহাসনে বসেন আবিসিনিয়ার হাবশি মালিক আন্দিল।

'ভুলাইয়া' সুর তুলে গেয়ে চলে :

"হাবশি মারে, হাবশি বাঁচে, হাবশি চালায় রাজ<br>
এমনতর কয়েক বছর উড়বে গৌড়ের তাজ!<br>
তারপর এক মহান সুলতান ধরবেন গৌড়ের হাল<br>
জয়জয়কার করবে সবাই আগামীসকাল।"

এই মাৎস্যন্যায় থেকে মুক্তি পেতে আগামী সকালের সূচনা যাঁর হাত ধরে আসবে তিনি হাবশি মালিক আন্দিল ওরফে সইফুদ্দিন ফিরোজ শাহের উজির আমীর আলাউদ্দীন। উজিরে আজম আলাউদ্দীন রাজধানীর পাইকদের সাহায্য "যে কাজটা করলেন তাতে আর একবার এই গৌড়রাজ্যের মসনদ অপবিত্র হল। অথচ সকলেই ভীষণ খুশি হল। যেন সকলের বুকের উপর থেকে একটা জগদ্দল পাথর নেমে গেল!"

মুর্শিদাবাদের চাঁদপাড়ায় আলাউদ্দীনের শৈশবকৈশোর অতিবাহিত হয়েছে। তিনি জমিদার সুবুদ্ধি রায়ের দ্বারা নির্যাতিত হয়েছেন। পরবর্তীকালে বিচক্ষণ আলাউদ্দীন গৌড়ের সিংহাসন অলংকৃত করেছেন। শূন্য থেকে শুরু করে এই উদ্বর্তন যেন এক অলৌকিক পরিক্রমণ। আসলে হুসেন শাহ ছিলেন একজন প্রকৃত বীর ও অসম সাহসী। পরাজয়কে কখনও মন থেকে মেনে নিতে পারতেন না। কঠোর পরিশ্রম ও উন্নত মনন তাঁকে সুশাসক করে তুলেছিল। সেজন্য প্রজারঞ্জক হুসেন শাহ আমৃত্যু সাফল্যের সঙ্গে রাজত্ব চালাতে পেরেছিলেন।

লেখক যথার্থ বলেছেন :

"সামিয়ানার নীচে এভাবে আলাউদ্দীন যদি অনন্তকাল ধরে শুয়ে থাকেন তাহলেও প্রজার ঢল কমবে না।"

ঔপন্যাসিকের পর্যবেক্ষণ ক্ষমতা শিখর স্পর্শ করেছে উপন্যাসের শেষ অংশটিতে এসে :

"এমন সময় মালতী বুয়া এসে সুলতানকে সান্ত্বনা দিয়ে বলল— কাঁদতে নেই নসরৎ, কাঁদতে নেই। কাঁদলে মরহুম সুলতানের কষ্ট হবে।

এই বলে মালতী তার শাড়ীর আঁচল দিয়ে সুলতানের চোখ মুছিয়ে দিল। এ দৃশ্য তো মরহুম সুলতান আলাউদ্দীন দেখতে পেলেন না। দেখলে তিনি খুশি হতেন যে পিতৃমাতৃহীন সুলতানের পাশে আর সবার মতো মালতী বুয়া তার স্নেহমমতা নিয়ে দাঁড়িয়ে আছে। সে আর একা নয়।"

মালতী বুয়া কি ঐতিহাসিক চরিত্র? অথবা অনৈতিহাসিক?

ঐতিহাসিক ঔপন্যাসিকের এই বিরল ক্ষমতার কথা মাথায় রেখেই রবীন্দ্রনাথ সম্ভবত 'ঐতিহাসিক রস'-এর কথা বলেছিলেন।

## লেখকের পরিচিতি এবং তাঁর পুস্তকের সংক্ষিপ্তসার

অঞ্জন সেনগুপ্ত ১৪ই মার্চ, ১৯৫১-এ রাঢ়ভূমি বীরভূম জেলার বোলপুর শহরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতৃভূমি ছিল বাংলা দেশের ফরিদপুর জেলায়। উত্তর স্বাধীনতা কালে বাবার চাকরী সূত্রে মালদহের বিভিন্ন গ্রামে কাটিয়েছেন। বিশেষ করে মালদহ জেলার বিভিন্ন গ্রামকে তিনি হাতের তালুর মতোই চেনেন। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর এবং মালদহ রাষ্ট্রীয় শিক্ষক প্রশিক্ষণ কলেজ থেকে বি. এড. পাস করে তিনি সাধারণ বীমা শিল্পে পদস্থ পদে চাকরী করেন। তাঁর প্রিয় জায়গা উত্তরবঙ্গ হলেও কলকাতার নাগরিক জীবনের সাথে এবং সাহিত্যের বিভিন্ন শাখায় লেখার সুবাদে ইচ্ছে থাকলেও কলকাতা ছেড়ে অন্যত্র গিয়ে বেশিদিন থাকতে পারেন না। আজ কলকাতা বড়ই নাছোড়।

**পুস্তক তালিকা ঃ কাব্য ও ছড়া**

১। ভাসো লখিন্দর, ভাসো-২১শে ফেব্রুয়ারী, ১৯৯৩ সাল-কবিতা সংখ্যা-৩৮টি।

২। হে সময়, হে বৈপরীত্য-২৬শে জানুয়ারী, ২০০০ সাল-কবিতা সংখ্যা-৪৬টি।

৩। তিমিঙ্গিলের দেশে-২১শে ফেব্রুয়ারী, ১৯৯৬ সাল— ছড়ার সংখ্যা-৩৯টি।

৪। বইমেলা, শুধু বইমেল-১৩ই জানুয়ারী, ১৯৯৯ সাল— ছড়ার সংখ্যা ৯৯টি।

**পুস্তক তালিকা ঃ ছোট গল্প**

১। ক্যারাভান—১৫ই এপ্রিল, ১৯৯৯ সাল-১৩টি ছোট গল্পের সংকলন। অণিমা প্রকাশনী।

২। ভূতেরাও ভয় পায়—১লা জানুয়ারী, ২০০১ সাল-১১টি ভূতের গল্প সংকলন। শোভা প্রকাশনী।

৩। সম্পর্ক—১লা ডিসেম্বর ২০০৮ সাল-১৪টি ছোট গল্প সংকলন। অণিমা প্রকাশনী।

৪। ফটিংটিং-এর কম্পিউটর—১লা ডিসেম্বর ২০০৯ সাল-৯টি ছোটদের গল্প সংকলন। দেশ প্রকাশনী।

৫। ভূতচতুর্দশী— ১লা ডিসেম্বর ২০১৯ সাল-১১টি ভূতের গল্প সংকলন। দীপ প্রকাশনী।

৬। ধনকুদরা—১লা জানুয়ারী, ২০২০ সাল-১৪টি ছোটো গল্প সংকলন। আনন্দ প্রকাশনী।

**পুস্তক তালিকা ঃ ক্যুইজ**

১। মালদহের চালচিত্র—২১শে ফেব্রুয়ারি, ১৯৯৬ সাল ক্যুইজের বই। মণ্ডল অ্যান্ড সন্স।

**পুস্তকের তালিকা ঃ উপন্যাস**

১। সহবাস— ১লা জানুয়ারী, ২০০২ সাল, গ্রন্থতীর্থ প্রকাশনা।

২। ভাঙনের শব্দ— ১লা জানুয়ারী, ২০০৪ সাল, এডুকেশন ফোরাম।

৩। ভূমিতল— ১লা জানুয়ারী ২০০৬ সাল, এডুকেশন ফোরাম।

৪। জলপাহাড়— ১লা জানুয়ারী ২০০৭ সাল, এডুকেশন ফোরাম।

৫। রাখোয়ালি— ১লা নভেম্বর ২০১১ সাল, অণিমা প্রকাশনী।

৬। গৌড়েশ্বর— ১লা ডিসেম্বর ২০১৩ সাল, একুশ শতক প্রকাশনী।

৭। বনজোছনায় জারোয়ারা— ১লা জানুয়ারী ২০১৫ সাল কলকাতা প্রকাশন।

৮। গৌড়েশ্বর-(দ্বিতীয় খণ্ড)—১লা নভেম্বর ১০১৫ সাল, অণিমা প্রকাশনী।

৯। সংশোধনাগার থেকে বলছি—১লা জানুয়ারী ২০১৮, জে. এন. চক্রবর্তী অ্যান্ড কোঃ।

১০। চরৈবেতি উপকথা—১লা নভেম্বর ২০২১, অনিমা প্রকাশনী।

**সংক্ষিপ্তসার ঃ**

**সহবাস ঃ** এটি কেবল স্বামী-স্ত্রীর একত্রিত বসবাস নয়। এর গূঢ় অর্থ হল হারিয়ে যাওয়া এবং যৌথ পরিবারগুলোর পুনর্গঠন। সবাই একত্রিত হয়ে বসবাসের মধ্যে যে সৌহার্দ, সহনশীলতা, হিংসাবিমুখতা রয়েছে তার কথা বলা হয়েছে। যেমন ছোট্টু একটি রাজনৈতিক দলের কর্মী হওয়ায় তার ভালো লাগা-মন্দ লাগার ব্যাপারগুলোও উঠে এসেছে এই উপন্যাসে। সেই সাথে উঠে এসেছে জ্যোতি বসুর প্রধানমন্ত্রী না হওয়ার মতো একটি ঐতিহাসিক ভুলের ব্যাপারটাও। উপন্যাসটি শুরু হয়েছিল গৃহকর্তার পায়রা পোষার সৌখিনতার গল্প দিয়ে। পায়রাদের মনঃকষ্টের কথা দিয়ে। আর শেষ হয়েছে এক ছাদের নীচে সব্বাই মিলে এক সাথে বাঁচার মধ্যে যে অপার আনন্দ রয়েছে তা দিয়ে।

**ভাঙনের শব্দ ঃ** ১৯৯৮ সালের ভয়াবহ বন্যায় মালদহ জেলার ইংরেজবাজার, কালিয়াচক, মানিকচক ওল্ড মালদা ব্লক সহ বেশ কিছু ব্লক ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। বিপর্যস্ত হয়েছিল শহরের জীবনযাত্রা। মানুষের অসহায় অবস্থা ছিল অকল্পনীয়। গৃহ পালিত জীবের কথা না হয় বাদই দেওয়া হল। শহরের কর্মব্যস্ত মানুষ দীর্ঘদিন জলবন্দী হয়ে পরিবার নিয়ে বাড়ির ছাদে বা অন্যের বাড়িতে আটকে ছিল। ৩৪ নং জাতীয় সড়কের উপর ভেলা বা টিনের ডোঙায় করে ঘুরে ঘুরে শহরবাসীকে প্রয়োজনীয় কাজ সারতে হত। গ্রামের মানুষেরা ভিটে মাটি ছেড়ে শহরে এসে যেখানে একটু মাথার উপরে সামান্য আচ্ছাদন পেয়েছে সেখানেই বাঁচার তাগিদে জমায়েত হয়েছিল। আমরা জানি মালদা জেলার ভৌগলিক আকৃতি চাটুর মতো। বৃষ্টি হলেই একেবারে থৈ-থৈ জল! তার পর বারবার গঙ্গার উপচে পড়া, খুব স্বাভাবিক কারণেই জেলার অন্যান্য নদীদের বেশ উৎসাহিত করে চলেছে। ফলে তাদের যৌথ আক্রমণে মানুষ আজ আতঙ্কিত ও অসহায় বোধ করছে। এর সাথে যুক্ত হয়েছে বেশ কিছু অসাধু ঠিকাদার, রাজনৈতিক আশ্বাস, সরকারি সাহায্য, কেন্দ্রের অনীহা, ভাঙন বিরোধী আন্দোলন, প্রেম-ভালবাসা। এ সব কিছুই বিভিন্ন পত্র পত্রিকায় প্রকাশিত খবর ও বাস্তব অভিজ্ঞতা প্রসুত। এই উপন্যাসটি লেখার সময় পাগলা ও গঙ্গা নদীর মধ্যে ১০০-১৫০ মিটার ফারাক ছিল। ফলে উপন্যাসে উল্লেখিত কেবি ঝাউবনা, খাসকোলের

কথা থাকলেও আজ ঐ অঞ্চলে দুটো নদী এক হয়ে যাওয়ায় অনেক গ্রামের আর কোন অস্তিত্ব নেই! আর এভাবেই প্রতি বছর ভাঙনের জন্য কিছু ছোটখাটো ভৌগোলিক অবস্থান পাল্টে যায়। যতটা পারা যায় বিভিন্ন ঘটনা প্রবাহকে মিশিয়ে এই উপন্যাসটিকে একটি সত্যনিষ্ঠ দলিলে পরিণত করার চেষ্টা করা হয়েছে।

**ভূমিতল ঃ** ঢাকার বাংলা একাডেমির প্রশস্ত প্রাঙ্গণে ২১ শে আমন্ত্রণে ২০০১ সালে কবি অঞ্জন সেনগুপ্ত গিয়েছিলেন কবিতা পাঠের উদ্দেশে। সে যাত্রায় যুগপৎ রথ দেখা ও কলা বেচার মতই ভাষা শহীদ সালাম- বরকতদের স্মৃতি বিজড়িত মঞ্চে কবিতা পাঠের শিহরণের সাথে পিতৃপুরুষের জন্ম ভিটে স্পর্শে এক রোমাঞ্চকর আকুতি মিলেমিশে একাকার হয়েছিল। যৌথ তীর্থ দর্শনের সেই অভিজ্ঞতাকে নিছক ভ্রমণ বৃত্তান্তের সীমারেখায় বেঁধে না রেখে লেখক তাঁর অর্জিত দক্ষতায়, বাস্তব ও কল্পনার সমবায়ে পাঠককে নিয়ে যেতে চেয়েছেন রচনা কৌশলের এক অভিনব দিগন্তে। সেই দিগন্ত উদ্ভাসিত হয়েছে কবি-নায়ক অনুব্রতের দেখা বিশিষ্ট দৃষ্টিকোণ ও মিনু মালিকার উপস্থিতির আবহে। একে আমরা কী বলব। শুধুই উপন্যাস, নাকি ভ্রমণ বৃত্তান্ত! নাকি এই দুইয়ের নিগড়ে ধরা দেওয়া কোন শ্রুতস্মৃতি। যা পাঠককে নিয়ে যাবে তার চেনা অচেনার মেল বন্ধনের এক সুগম পথে।

**জলপাহাড় ঃ** উপন্যাসটি শুরু হয়েছে সুনামির একদিন পরের ঘটনা (২৬-১২-২০০৪) থেকে। অর্থাৎ যখন মায়া দ্বীপের (কাল্পনিক) তটভূমি জুড়ে ছড়িয়ে ছিল অজস্র চেনা-অচেনা মানুষের দলা পাকানো লাশ এবং তার মধ্যেই বেঁচে ছিল একমাত্র যে নারকেল গাছটি, সে তখন নিজের বেঁচে থাকাটাকেই মনে মনে ধিক্কার জানাচ্ছিল। এই ভয়ঙ্কর সত্যের মুখোমুখি হয়ে পরাণ প্রথমে সারা দ্বীপ জুড়ে ছুটতে ছুটতে নিজের পরিজনদের খোঁজে। শেষে বাকিদের না পেলেও বেলাভূমি জুড়ে লাশের ভিড়ে খুঁজে পেল তার আদরের মেয়ে ঝর্ণাকে। এর পরে জীবন জীবিকার চেহারাটাই পরাণের কাছে পালটে যায়, যখন পরাণকে পোর্ট ব্লেয়ারে এনে ছেড়ে দেওয়া হয়। বাপ-ঠাকুর্দার মৎস্যজীবি পেশাটা পরিস্থিতির চাপে দিন মজুরে রূপান্তরিত হয়ে যায়। তবু সর্বস্ব হারানো পরাণকে সমুদ্র ভীষণভাবে টানে। এভাবে প্রত্যহ অনেক ঘাত প্রতিঘাতের মধ্য দিয়ে একদিন পরাণের ভাগ্যের সাথে জুড়ে যায় দ্বীপ খোয়ানো, স্বামী খোয়ানো নিকোবরি মেয়ে জ্যাসিয়ার ভাগ্যও। সে আর পরাণকে ছাড়তে পারে না। এর পর কোন এক মাহেন্দ্রক্ষণে ওরা আবার ঢেউয়ের মাথায় নাও ভাসিয়ে দেয় মায়া দ্বীপের উদ্দেশে। ফিরে যেতে চায় পুরনো দ্বীপে, তাদের পুরনো জীবিকায়।

এটা বলে রাখা ভাল যে বাংলা ভাষায় আজো এই উপন্যাসটি ছাড়া সুনামি কেন্দ্রীক কোন উপন্যাস গড়ে উঠেনি। আজকের এই সমাজ ব্যবস্থায় বিন্দুর নিঃস্বার্থ মমত্ব বোধ, কর্তব্যপরায়ণতা আর বন্ধুত্বের প্রতি নিটোল ভালোবাসার উদাহরণ মেলা ভার। তাই এই ধরনে নারী চরিত্র আজো প্রণম্য।

সারা উপন্যাস জুড়েই বৃদ্ধা বিন্দু আমাদের পরিচিত বৃদ্ধ-বৃদ্ধার মতোই দিন রাত স্মৃতির জাবর কেটে চলেছে। আর সেই স্মৃতিগুলো মাঝে মাঝে বাস্তবের আঙিনায় এসে মূর্ত হয়ে উঠেছে। এ ভাবেই সারা

উপন্যাস জুড়েই একাধারে স্মৃতি উজ্জ্বল উপস্থিতি আর অন্যদিকে বাস্তবের কঠিন নির্মম ঘটনাপ্রবাহ একটা অদ্ভুত দোলাচল সৃষ্টি করেছে। আর তাই বিষয় বস্তুটি এতটা রসোত্তীর্ণ ও মানবতাধর্মী হয়ে উঠেছে। কাজেই উপন্যাস শেষ হলেও পাঠককে কিছুটা সময় বিন্দু চরিত্রের মধ্যে বুঁদ হয়ে থাকতে হবে।

**গৌড়েশ্বর (প্রথম ও দ্বিতীয় খণ্ড) ঃ** গৌড়েশ্বর উপন্যাসটি একটি ইতিহাস আশ্রিত উপন্যাস। মূলত ৮৩৯ হিজরী থেকে ৯২৫ হিজরী পর্যন্ত (১৪০৫-১৫১৯) এর বিস্তৃতি।

কিন্তু প্রথম খণ্ডটি গড়ে উঠেছে ৮৩৯ হিজরী থেকে ৮৯০ হিজরীর (১৪৩৫-১৪৮৯) বহু চমকপ্রদ অজানা ঘটনাপ্রবাহ নিয়ে। প্রথম খণ্ডটিতে তুলে ধরা হয়েছে মাহমুদ শাহী বংশের শ্রেষ্ঠ সুলতান রুকনুদ্দীন বারবক শাহ থেকে শুরু করে সুলতান জালালুদ্দিন ফতেহ শাহের রাজত্বকাল পর্যন্ত।

তৎকালীন গৌড় রাজ্যে রাজধানীর নাম ছিল 'লখনৌতি' বা 'লখনৌতিয়া'। রুকনুদ্দীন বারবক শাহের সৌন্দর্যবোধের নিদর্শন ছিল তাঁর প্রসাদ। এই কারুকার্যময় প্রাসাদের একটি অংশ পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের জাদুঘরে রক্ষিত।

এই উপন্যাসে একটি রহস্যময় অনৈতিহাসিক চরিত্র রয়েছে। কেউ তাকে ডাকে ভুলাইয়া, কেউ বলে মুসাফির আবার কেউ ডাকে ফকির বাবা বলে। রাজ্যের সর্বত্রই তার চলাচল। যুগ যুগ ধরে নদ-নদী, আবহাওয়া, সবুজ বনানীর মতোই সে জড়িয়ে রয়েছে এই গৌড় রাজ্যের ভালো-মন্দের সাথে। সে ভবিষ্যৎ দ্রষ্টা। এই চরিত্রটি উপন্যাসের দ্বিতীয় খণ্ডেও রয়েছে। একেবারে উপন্যাসের শেষ মুহূর্তে পাঠক বুঝতে পারবেন এই চরিত্রের বৈশিষ্ট্য।

এছাড়াও এই উপন্যাসে তৎকালীন আর্থ-সামাজিক অবস্থা, সংস্কৃতি, হিন্দু-মুসলমানের মধ্যে সম্প্রীতি, হিন্দু গুণী জ্ঞানী ব্যক্তিদের উপর সুলতানের আনুকুল্য ধরা পড়েছে। সেই সাথে রয়েছে বাংলায় রামায়ণ রচয়িতা কৃত্তিবাস ওঝার রাজধানীতে আগমন এবং সুলতান বারবক শাহের পৃষ্ঠপোষকতা লাভ করা। 'শ্রীকৃষ্ণ বিজয়' রচয়িতা মালাধর বসুর কাব্য প্রতিভায় মুগ্ধ হয়ে বারবক শাহ তাঁকে 'গুণরাজখান' উপাধি প্রদান করেছিলেন। বহু গ্রন্থের টিকাকার ও সর্বকালের শ্রেষ্ঠ পণ্ডিত বৃহস্পতি মিশ্রকে সুলতান কনকস্নান করিয়েছিলেন।

তিনি ছিলেন একজন সৌন্দর্য প্রিয় সুলতান। সংস্কৃত ভাষায় পন্ডিত। তিনি এই ভাষাটি জানতেন বলেই তাঁর মুদ্রার দু'পিঠেই সংস্কৃত ভাষায় তাঁর নাম পাওয়া গিয়েছে। একজন মুসলিম সুলতানের ক্ষেত্রে এটি একটি বিরল উদাহরণ। তাঁর সময়ে তৈরি দাখিল দরওয়াজা আজো গৌড়ে বর্তমান। তাঁর পুত্র শামসুদ্দীন য়ুসুফ শাহের নির্মিত তাঁতীপাড়া মসজিদ, লোটন মসজিত, চামকাট্টি মসজিদ আজও মাহমুদ শাহী সুলতানদের স্থাপত্য শিল্পের বড় নিদর্শন হয়ে রয়েছে।

এই সময়ে সুদূর ত্রিপুরা রাজ্য থেকে এক রাজপুত্র বিতাড়িত হয়ে গৌড় রাজ্যে আসেন এবং দীর্ঘকাল অতিবাহিত করেন। তাঁর নাম ছিল রত্ন ফা। তিনি সুলতানের সাহায্যে ত্রিপুরা রাজ্য জয় করে যাওয়ার

প্রাককালে সুলতান বারবক শাহকে একটি বিশাল রত্ন উপহার দিয়ে ছিলেন। আর তাতেই সুলতান ভীষণ প্রীত হয়ে রত্ন ফাকে 'মাণিক্য' উপাধিতে ভূষিত করেন। আর এর পর থেকেই ত্রিপুরার রাজারা তাদের নামের শেষে মাণিক্য ব্যবহার করতে শুরু করেন।

দ্বিতীয় খণ্ডের শুরুতেই রয়েছে সাত বছরের অন্ধকারময় গৌড় রাজ্য। হাবশি সুলতানেরা দখল করেছিলেন গৌড় সিংহাসন। প্রতি নিয়তই একে অপরকে হত্যা করে সিংহাসনে বসতেন আবার কিছুদিনের মধ্যেই তিনিও খুন হতেন আর একজন হাবশির হাতে। এর পরে সমস্ত অমাত্বরা পরামর্শ করে আর একজন অমাত্বকে সিংহাসনে বসালেন। তিনিই ছিলেন সুলতান হুসেন শাহ। তাঁর রাজত্বকালেই শ্রীচৈতন্যদেব রাজধানীর সন্নিকটে রামকেলি নামক এক গ্রামে এসে দিন দুয়েক ছিলেন। কথিত আছে তিনি যে তমাল গাছের নীচে এসে বসেছিলেন তা আজও বর্তমান। আর তাঁর অবস্থান কালেই রূপ এসে গভীর রাতে শ্রীচৈতন্যদেবের সাথে দেখা করে তাঁর কাছে দীক্ষা নিয়েছিলেন। এর কিছুকাল পরে রূপের দাদা সনাতন গোস্বামীও সুলতান হুসেন শাহের অবর্তমানে পালিয়ে গিয়ে বৃন্দাবনে চলে যান। আর সেখানেই তাঁর সাথে ভাই রূপের দেখা হয়। সুলতানী আমলের দুজন বিখ্যাত সুলতানকে কেন্দ্র করে গৌড়েশ্বরের মতো কোন উপন্যাস লেখা হয়েছে বলে জানা নেই।

**বনজোছনায় জারোয়ারা ঃ** বাংলা সাহিত্যে জারোয়াদের নিয়ে কোন উপন্যাস আছে বলে জানা নেই। শুধু তাই নয়, এই উপন্যাস শুরু হয়েছে ১৯৫২ সাল থেকে যতদিন পর্যন্ত ওপার বাংলা থেকে উদ্বাস্তুরা এপারে এসেছেন এবং তাদের পুনর্বাসন দেওয়া হয়েছে আন্দামানের কদমতলা থেকে শুরু করে একেবার হংসপুরী গ্রাম পর্যন্ত। তৎকালীন কেন্দ্রীয় সরকার তাদের কী কী সুবিধা দিয়েছিল তাও পুঙ্খানুপুঙ্খ ভাবে বিধৃত রয়েছে এই উপন্যাসে। এর সাথে রয়েছে জারোয়াদের ব্যাপারে বহু তথ্য। কীভাবে তারা সুদূর আফ্রিকা থেকে প্রায় ছয় হাজার লক্ষ বছর আগে এই সুদূর আন্দামানে এল, কোন রাস্তা দিয়ে এল, দিনের পর দিন কী খেয়ে তারা বেঁচে থাকত সবই বলার চেষ্টা করা হয়েছে। শেষ পর্যন্ত এই পিগমী উপজাতির মধ্যে আকাবিয়া, ওঙ্গি উপজাতিরা কীভাবে হারিয়ে গেল তাও বিধৃত করা আছে। আজ শুধু দুটো উপজাতি বেঁচে আছে যারা হল অঙ্গা (জারোয়া) এবং সেন্টিনালিজ। অঙ্গা বা জারোয়ারা ছাড়া সেন্টিনালিজরা ভীষণ উগ্র। এরা সেন্টিনাল দ্বীপে থাকে বলেই ওদের ঐ নামেই ডাকা হয়।

এই উপন্যাসের প্রথম পর্ব থেকে শেষ পর্যন্ত রয়েছে বাঙাল ভাষা আর জারোয়াদের কথ্য ভাষা। অর্থাৎ যে ভাষায় আজো তারা কথা বলে। এই ভাষার কোন লিখিত রূপ নেই। এই উপন্যাসে বিধৃত করা আছে অঙ্গাদের (জারোয়া) গৃহ নির্মাণ, মাছ শিকার, পশু শিকার, সমাজের নিজস্ব অনুশাসন, যৌনাচার, বাসস্থানের রকমফের, খাদ্য প্রণালি, আমোদ প্রমোদ, নিজেদের সাজিয়ে তোলার অনুষঙ্গ ইত্যাদি বিবিধ ঘটনা। দুঃখ জনক ঘটনা হল এই উপন্যাসটি মাত্র এক বছরের মধ্যেই শেষ হয়ে যায় এবং প্রকাশকও হারিয়ে যান। তাই এই পুস্তকটি আজ দুষ্প্রাপ্য।

**সংশোধনাগার থেকে বলছি ঃ** যারা জেলে থাকেন তারা সবাই যে অপরাধী এমনটা ভাববার কোন কারণ নেই। এমন অনেকেই রয়েছেন যারা ষড়যন্ত্রের শিকার অথচ তা প্রমাণ করার মতো প্রয়োজনীয় কাগজ পত্র তার কাছে নেই। তাই মাননীয় বিচারকের সিদ্ধান্ত হীনতার ফলে তাকে দীর্ঘকাল পচে মরতে হয়। আসলে বিচারের বাণী হচ্ছে প্রচুর প্রমাণপত্র, সাক্ষী, স্বপক্ষে ক্ষুরধার যুক্তি, দু'পক্ষের উকিল বাবুদের ধারা-উপধারা নিয়ে চাপান উতোর এবং সেই সাথে মাননীয় বিচারকের মগজাস্ত্র নির্ভর রায়।

এছাড়াও ঐ বিশাল সিংহ দরজার পেছনে রয়েছে অনেক হিংস্র প্রাণী, যারা সব সময় মুখ ব্যাদান করে রয়েছে গিলে খাওয়ার অপেক্ষায়। ওপারে পা দিলেই সাথে সাথে শুরু হয়ে যায় অনেক বৈধ-অবৈধ খেলা। টাকার ঝমঝম শব্দ সিঁড়ি বেয়ে দোতলা-তিন তলায় উঠতে শুরু করে। তখন চারদিক টাকার মুর্ছনায় ভরে যায়। একটু কান পাতলেই তা শুনতে কোন অসুবিধা হবার কথা নয়। তাই কড়াকড়ি নিয়মের বাইরে গিয়ে কেউ যদি এক চিলতে স্বাচ্ছন্দ ভোগ করতে চায় তাহলে তাকে ফেল কড়ি মাখো তেল পদ্ধতি নির্ভর না করে উপায় নেই। আর তখন সব অনিয়মই মসৃণভাবে নিয়মের মধ্যেই চলে আসবে। জুতো পালিশ থেকে একেবারে শরীরে তেল মালিশ পর্যন্ত। শুনতে অদ্ভূত লাগলেও এটাই দস্তুর।

উপন্যাসে বিধৃত ঘটনা প্রবাহ সত্য। শুধু নাম পরিবর্তন করা হয়েছে।

**চরৈবেতি উপকথা ঃ** এই উপকথা যেমন ইতিহাসাশ্রয়ী উপন্যাস নয়, আবার একেবারে ইতিহাসকে উপেক্ষা করেও লেখা হয়নি। আমাদের সমাজে যে সব চতুর্বর্ণকে প্রাধান্য দেওয়া হয়ে থাকে বা মেনে চলা হয়, তার সাথে আরো কয়েকটি উপবর্ণও রয়েছে। যেমন ব্রাহ্মণ বর্ণের সাথে বিশেষ ভাবে সম্পৃক্ত হল বৈদ্য উপবর্ণটি। এখানে বৈদ্যকে উপবর্ণ বলা হয়েছে এই কারণে ব্রাহ্মণরা কোনদিনই এদের একাসনে বসাতে চায়নি। আবার অনেকেই কিছুটা তাচ্ছিল্যের সুরে বদ্যি-বামুন, মরা কাটা বদ্যি বা কেস জেতা বদ্যিও বলে থাকেন। তার মানে কিছুটা ঢোক গিলে মেনে নেওয়ার মতো। তবে বদ্যিদের ব্যাপারে কিছু জানতে হলে অবশ্যই ইতিহাস, পুরাণকে নিয়েই পথ পরিক্রমা করতে হবে। এ ক্ষেত্রে এরা একে অপরের পরিপুরক।

বিভিন্ন ইতিহাসবেত্তাদের যুক্তিনিষ্ঠ আলোচনা, বিভিন্ন পুরাণ ও উপপুরাণ এবং সেই সাথে বিভিন্ন গবেষণামূলক গ্রন্থকে সাধ্যমত সংগ্রহ ও অধ্যয়ণ করে এর বিষয়বস্তুকে বিধৃত করা বা বাতিল করা হয়েছে। এর পক্ষে-বিপক্ষে আরো আলোচনার অবকাশ রয়েছে। এতে এই বিষয়বস্তু আরো সমৃদ্ধ হবে। অনন্তকাল ধরে কোন আলোচনাই চলতে পারে না।

এই উপকথাটি শুরু হয়েছে ভেষজাচার্য ধন্বন্তরির আবির্ভাবের সামান্য আগে থেকে। অনেকেই ধন্বন্তরির আবির্ভাবকে একটি পৌরাণিক গল্পের সাথে মিলিয়ে ফেলে আত্মতৃপ্তি বোধ করে থাকেন। সমুদ্র মন্থনে অমৃত ভাণ্ড হাতে ভুস করে জলের গভীর থেকে উপরে উঠে আসার মধ্যে একটা রোমাঞ্চ থাকতেই পারে। কিন্তু কোন গ্রহণ যোগ্যতা আছে বলে অনেকেই মনে করেন না। এটা অনেকটা চিলে কান নিয়ে যাওয়ার মতো ঘটনা।

আগে মুনি-ঋষিরা দলবদ্ধ ভাবে তীর্থে বেরিয়ে পড়তেন। আর সেই সময় তারা মূলত থাকতেন তপোবনে। আর সেই তপোবন ছিল বর্তমান আফগানিস্তানে। উপকথাটির শুরু হয়েছে এখান থেকেই। একজন মুনি দীর্ঘ পথশ্রমে তৃষ্ণার্ত বোধ করেন। আর তখন একটি বালিকা কাছের কোন নদী বা সরোবর থেকে তার কলসিতে জল নিয়ে আসছিল। মুনিবর তা দেখে তাঁর মনোবাসনার কথা জানালে মেয়েটি নিজে বৈশ্য হওয়ায় ব্রাহ্মণকে জল দিতে অস্বীকার করে। তাঁর ধারণা এতে তাঁর পাপ হবে। সে দোষের ভাগি হবে। আবার কোন তৃষ্ণার্ত মানুষকে জল না দিলেও পাপ হবে। কাজেই সেই বৈশ্য বালিকা এক দোলাচলের মধ্যে পড়ে যায়। শেষে জল দিয়ে মুনির তৃষ্ণা মিটালে মুনিবর তাকে আশীর্বাদ করেন—'পুত্রবতী ভব' বলে। কাজেই সেই বৈশ্য রমনীর গর্ভে একদিন জন্ম নেয় এক পুত্র সন্তান। সেই মুণি ছিলেন গালভ্য মুনি। আর পরবর্তীকালে সেই বালকই হয়ে ওঠেন ভেষজাচার্য ধন্বন্তরী। এভাবেই উপকথাটি তার আপন পথে এগিয়ে গেছে।

একথা সবাই জানেন যে বদ্যিরা বাঙালী নয়। তারা ছিলেন কর্ণাট প্রদেশের লোক। এটা ইতিহাস সত্য। সেন বংশের রাজা সামন্ত সেন যখন চালুক্য রাজা ষষ্ঠ বিক্রমাদিত্যের সাথে এই বঙ্গে এসেছিলেন তখন তাদের সাথে প্রথানুযায়ি অনেক ভেষজ চিকিৎসকও এসেছিলেন। আর তারাই পরবর্তীকালে সারা বৃহৎ বাঙলায় ছড়িয়ে পড়েন এবং ভেষজ চিকিৎসাকে এগিয়ে নিয়ে যায়।

এই উপকথায় যুক্ত হয়েছে একটি হাজার বছরের পুরানো বংশের ধারা। যারা প্রথমে অন্যান্য বদ্যিদের সাথে রাঢ় বঙ্গেই ছিল। তার পর তারা চলে যায় যশোহর জেলার নন্দনগাতি নামক গ্রামে। তারও অনেক পরে তারা চলে আসে ফরিদপুর জেলার দুলালি গ্রামে। এভাবেই বদ্যিরা শুধু নিজের দেশেই নয়, তারা ছড়িয়ে পড়ে বিভিন্ন দেশে এবং ধীরে ধীরে তারা ভেষজ চিকিৎসা ত্যাগ করে বিভিন্ন কাজে নিজেদের নিয়োজিত করে।

সেই বংশ ধারাকে বহন করেই উপকথাটি এক সময় শেষ হয়।

উপরে উল্লিখিত উপন্যাসগুলি ছাড়া আরো চারটি উপন্যাস বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে কিন্তু আজো তা সংকলিত হয়ে বই আকারে প্রকাশ পায়নি। ভবিষ্যতে অবশ্যই তা প্রকাশ পাবে বলেই আশা করি।

# MAHATMA AND RABINDRANATH : THE DECENT DISSENT

**Mr. Sujit Chattopadhyay**

**1 . EXORDIUM** : The sixth decade of the 19th century India got the quintessence of her thought and life with ascendancy from two luminaries with distinct hallmark of prodigy of learning, who are not only topographically asunder as 'East and West' but 'and never the twin shall meet', in their two and half a decade of deep-bosomed and profound acquaintance, so far as their superior ideas, distinguished views on varied facets of Indian national movement as well as personal beliefs and attitudes are concerned. They are " Mahatma' and 'Gurudev'—the revered sobriquets or epithets they bestowed upon each other as an accolade, barring their 'august dispute', as discerned by Romain Rolland. Both of them 'were supreme as human being' yet 'two types entirely different from each other' as opined Nehru in his Jail Diary in 1941. The Bengali messianic poet, atop the spire of intellectual acumen as well as a fount of creativity, and on the other the Gujrati barrister-turned-to-statesman who put himself in the maelstrom of Indian public life to give it a prospective outlook with supreme authority — argued, exchanged thoughts, evinced dissension without animosity, rather with placable temperament in the altar of sublime philosophy. Resolute to their committal to the truth and promulgation of oracle of peace as the harbingers to a hitherto distressed, the two seers were fondly respectful and learn to live with each other's views whatever distasteful it might be.

**2. FRAME OF MIND : INTRINSIC DIFFERENCE ::** Though great men think alike, still it is quiet palpable that the mental makeup of the two towering personalities flow in divers beauty to culminating deferential differences. Both of them were profound theologists which vent to their feelings towards humanity. But their practising theology was different. The Gita and The Ramayana were the pivot and pole of Gandhiji's personal religion, while psalm of Upanishada was the monotheist poet's way of spiritual knowledge. *Ramdhun* Bhajan (the hymn for Lord Rama) and *'Ramcharitmanas'* (the sacrosanct life of Lord Rama) by Tulshidas were Bapu's sacred scriptures. The common people of India still find their fathomless credence and religious refuge from the sermons imbibed in it. Being a political icon of the populace , his creed was in tune with them. Unlike Rabindranath, Mahatma was a pragmatic public leader who had to churn the Cimmerian Indian with the clarion call. With copious mental mettle he inculcated his vein on their nerves.

Government College of Education, Burdwan. E-mail : ch.sujit@gmail .com

While Rabindranath was a mystic poet, Gandhiji set forth himself in the philosophy of action *(Karmayogi)* for the salvation of the plebeians. Self- immolation is the corner stone of his activity. The poet laureate by nature perceived each human soul as an abode of God. And the manifestation of that Godliness is not possible through the path of purgation or drastic change of social — economic structure; but reclamation of waste land of mind can be done by adoration of aesthetics, ecstasy and art. Mahatma relied on the cleanliness of mind on the way to Godliness. He reinforced on the purgation by ritual violence—fasting, penance, austerity, celestial celibacy of spouse. To Mahatma, God was the sanctifier of the sinful *( Patitpaban*), while, literally or figuratively, an iconoclast progeny Rabindranath's dictum of life – *Jagate anandayagye aamar nimantran* — 'I have had my invitation to this world's festival'— ( Poet's own translation from '*Song Offerings*'). Eternal infinity was the wrap and woof of Tagore's religiosity.

**3. AN ANECDOTE : MAIDEN MEETING**

In South Africa Gandhiji started an Ashram-school for children at Phoenix. He along with some twenty students called at Shantinekatan in 1915. He had no close familiarity with the poet. Charles Freer Andrews was their common friend. Gandhiji penned his memoir : " From Rajkot I proceeded to Shantinekatan. The teacher and students overwhelmed me with affection. The reception was beautiful combination of simplicity, art and love. It was here I met Kakasaheb Kalelkar for the first time." [1] Dattatreya Balkrishna Kalelkar alias Kaka Kalelkar gave a vivid account of this maiden meeting on 6th March,1915 – " We went into the drawing room with Bapu. Ravibabu rose from the sofa on which he had been sitting. ...... We knew that both men had a heartful respect each other. Ravibabu made a gesture inviting Gandhiji to sit beside him on the sofa, but as long as there was a carpet on the floor to sit on, Gandhiji was not going to sit on any couch. He settled himself on the floor. Ravibabu had to follow suit." [2]. This anecdote relating to their first meeting, certes in a lighter note, was an omen for their future disagreement so far as their sitting posture is concerned ! Kalelkar also accounted some titbits of this meeting pointing some circumstantial apparent mismatch !

To start with the various debates between the two magnetic personalities, we must remind the poet's candid confession : " It is extremely distasteful to me to have to differ from Mahatma Gandhi in regard to any matter of principle or method. Not that, from a higher standpoint, there is anything wrong in so doing: but my heart shrinks from it. For what could be a greater joy than to join hands in the field of work with one for whom one has such love and reverence? Nothing is more wonderful to me than Mahatmaji's great moral personality. In him divine providence has given us a burning thunderbolt of *shakti*. May this *shakti* give power to India,—not overwhelm her,—that is my prayer !" [3]

4. **NON- COOPERATION MOVEMENT AND AHIMSA : HUGE APPLE OF DISCORD**

Not only Rabindranath did not see eye to eye with non- cooperation movement by Mahatma, but also he refuted the position of eminence of charka in the national movement. Tagore harshly slashed non-cooperation as political asceticism. Non- cooperation impaired the truth. It has negative impulse. Various offshoots of non-cooperation are simple exhibition of narrowness of mind. Narrow nationalism had its own parochialism. India granted leader who advanced her towards destruction in lieu of development. He always vouched for freedom of individual from tedium.

His poignant criticism of non- cooperation movement effervesced in a notable Bengali article *'Satyer Aahavan'* ( read in Calcutta University Institute on August 1921), later as a striking English translation ' The Call of Truth' in *'The Modern Review'* ( October 1921) — a pre-eminent monthly journal of Indian intelligentsia. The ire of many people was the resultant of that article. Putting his disagreement to 'unquestioning obedience' 'to some *mantra*, to some unreasoned creed' the poet spearheaded his campaign as –" When the reason of man has been overcome in this way, he easily consents to give up all legitimate questions and blindly follows the path of obedience. But can we really afford to forget so easily that delusion is at the root of all slavery —that all freedom means freedom from *maya*? What if the bulk of our people have unquestioningly accepted the creed, that by means of sundry practices *swaraj* will come to them on a particular date in the near future and are also ready to use their clubs to put down all further argument...".[4]

Univocally, in a letter to C.F. Andrews from Chicago on 2nd March 1921, Tagore gave vent to his resentment: "What is Swaraj! It is *maya* ; it is like a mist that will vanish, leaving no stain on the radiance of the Eternal." [5] In a similar dress of thoughts in all its intensity, he echoed in a letter dated 5th March, 1921: "The idea of non-co-operation is political asceticism. Our students are bringing their offerings of sacrifices to what? Not to a fuller education, but to non-education." [6]

Interestingly, six years before Mahatma embarked on his non-violence and non-cooperation movement, in 1915 Rabindranath crystallized his doctrine of *ahimsa* or non-violence as means for peace in his popular novel '*Ghare baire*' ( Home and the World). Explaining the efficacy of *ahimsa* in a letter to Nanalal Dalpatram on 3rd February, 1922, the poet reiterated in clear terms with remarkable clairvoyance "I believe in the efficacy of ahimsa as the means of overcoming the congregated might of physical force on which the political powers in all countries mainly rest. But like every other moral principle *ahimsa* has to spring from the depth of mind and it must not be forced upon man from some outside appeal of urgent need."[7].

Like a poet-par-excellence, he relied on sensitisation of the abysmal mind of the people rather than artificial imposition of any cult or maxim like an incubus to foment impulse of life or to make self-bondage as political ransom. He never indulged humanity to be triumphed by doctrinal patriotism.

In defence, while showing deep reverence to poet's thinking, Gandhiji was bent on his views and disagreed 'with the implications' of Gurudev. In a letter from Puri on 28th March, 1921, to Andrews , fondly called Charlie, Gandhiji made his voice heard "I could not help thinking that he had not understand the simple beauty and the duty of non-co-operation." [8] . Gandhiji judged poet's analysis only as a doctrine of negation and despair. His thinking was, to be an internationalist it was a prerequisite to be a nationalist. Voluntary and mutual respect are the corner stone of non-cooperation.

In a rejoinder to Tagore's 'The Call of the Truth', Gandhiji adorning him as 'The Bard of Shantinekatan', who cautioned like a vigil sentinel against the bigotry, ignorance, inertness and intolerance of the enemies, voiced with the cogency of his analysis in a famous article 'The Great Sentinel' in the *'Young India'* on 13th October 1921: "Nor is the scheme of Non-cooperation or *swadeshi* an exclusive doctrine. My modesty has prevented me from declaring from the house top that the message of Non-cooperation, Nonviolence and *Swadeshi,* is a message to the world. It must fall flat, if it does not bear fruit in the soil where it has been delivered. At the present moment India has nothing to share with the world save her degradation, pauperism and plagues........... Our Non-cooperation is a retirement within ourselves. Our Non-cooperation is a refusal to co-operate with the English administrators on their own terms. We say to them, 'Come and co-operate with us on our terms, and it will be well for us, for you and the world.' We must refuse to be lifted off our feet." [9]

In an another article 'The Poet's anxiety' published on 1st June 1921, in the same *'Young India'*, Mahatma, calling Rabindranath as 'the poet of the world', warranted him "Nor need the Poet fear that Non-cooperation is intended to erect a Chinese wall between India and the West. .......... Non-cooperation is a protest against an unwitting and unwilling participation in evil." [10]. He also refuted the poet's concern about the students' rejection of Government school in the movement, rather he lambasted, "He (Tagore) has a horror of everything negative"[10] Gandhiji avowed "We had lost the power of saying 'no'. It had become disloyal, almost to the Government to co-operate with it on its own terms as is every nation's right and every good government's duty." [11]

## 5. THE CHARKA : DEBATED TEETH OF A COG

Charka – this indigenous homespun spinning wheel got teeth of a cogwheel upon the anvil of debate. Charka was the sine qua non of Gandhism. In a word, charka was alias Mahatma. It was a prototype of ahimsa. But considering it a material object the poet viewed charka from

economic standpoint. He thought, so much emphasis on charka is nothing but a parochial output of national movement. The inertia of charka has little to do with the emboldening the country's mind force. He never espoused charka as a functionary to give a celerity to the mind-power of the nation. To obey orders blindly was deeply abhorred by Tagore. A prescient prodigy of learning like Tagore swam against the tide on many occasions in life.

In September 1925, *'The Modern Review'* came out poet's cautionary—'The Cult of Charka'. He divulged his palpable no-confidence : "And therefore I am afraid of a blind faith on a very large scale in the *charkha,* in the country, which is so liable to succumb to the lure of short cuts when pointed out by a personality about whose moral earnestness they can have no doubt."[12] In defiance of the notion that charka was dovetailed into *Swaraj*, the poet's epigram was : " Can it then be expected that, in the shrine of *swaraj,* the *charkha* goddess will attract to herself alone the offerings of every devotee? Surely such expectation amounts to a distrust of human nature, a disrespect for India's people" [13]. The poet's scathing criticism rolled on against ckarka- slavery : " This reliance on outward help is a symptom of slavishness, for no habit can more easily destroy all reliance on self. Only to such a country can come the *charkha* as the emblem of her deliverance; and the people dazed into obedience by some specious temptation go on turning their *charkha* in the seclusion of their corners, dreaming all the while that the car of *Swaraj* of itself rolls onward in triumphal progress at every turn of their wheel." [14].

In an another article, 'Striving for Swaraj', published in the September 1925, issue of 'Modern Review' Tagore with indomitable spirit and cogent reason voiced against charka:

"If our countrymen accept the proposition that the *charkha* is the principal means of attaining *swaraj* then it has to be admitted that in their opinion *swaraj* is an external achievement. And therein lies the reason why, when the defects of character and the perversions of social custom which obstruct its realisation are kept out of sight, and the whole attention is concentrated on home spun thread, no surprise is felt but rather relief."[15] The charka might be helpful to mitigate their impoverishment, but *Swaraj* would be a far cry.

Very interesting to note that in this essay for the first time, the poet put himself in equipoise : "It is however better for an ignoramus like myself to refrain from entering into this controversy. My complaint is, that by the promulgation of this confusion between *swaraj* and *charkha*, the mind of the country is being distracted from *swaraj."*[16]

While the poet registered his deep apathy to blind acceptance to anything which had no relevance with reason, Gandhi countermanded that blind submission to love was treacherous than a forced surrender to oppression. He also discarded hardly any type of obedience prevailed in the country. *Swaraj* would follow the spin of the charka.

Gandhiji was not reticent. *'Young India'* was his organ. On 5th November 1925, came his rejoinder -'The Poet and the Charka'. Welcoming 'frank criticism' Gandhiji admitted 'friends to

be friends are not called upon to agree even on most points'. He gratefully admitted 'that there is none about the poet's criticism.'[17] Even, Mahatma beseeched Gurudev to spun for an hour daily and thus the wail and woe of the poor and destitute would be reflected more vividly in his writings to bestow his anthology a greater height.

Refuting the poet's faulty idea of charka as 'deathlike sameness in the nation', Gandhiji forcibly uttered: "The truth is that the *charkha* is intended to realise the essential and living oneness of interest among India's myriads."[18] Discarding the morbidity and reiterating the functionality of the charka his asseveration was: "Round the *charkha,* that is, amidst the people who have shed their idleness and who have understood the value of cooperation, a national servant would build up a programme of anti-malaria campaign, improved sanitation, settlement of village disputes, conservation and breeding of cattle and hundreds of other beneficial activities"[19]

In fine, it is worth-mentioning that Gandhiji was of the opinion that Tagore's information about the movement had been heaped 'from table talk'. Without any sacrilegious opinion, Mahatma, judging from a stoic philosophical outlook with altruistic abstinence, put the asteism , if any, from Gurudev as 'poetic licence' which must not be taken verbatim.

### 6. BOYCOTT STRATAGEM : IN THE ANVIL OF CONTENTION

Boycott was a conspicuous ways and means in practising non-cooperation movement. Gandhiji invoked for a total elimination of Government schools, burning of foreign cloth to topple the British Raj. Expressing his indisposition towards such topsy-turvy stratagem, the poet took it as a 'terrible habit of blindly obeying orders' which he abhorred all along his life and "Secondly, I feel that the clothes to be burnt are not mine, but belong to those who most sorely need them....... But how can we expiate the sin of the forcible destruction of clothes which might have gone to women whose nakedness is actually keeping them prisoners unable to stir out of the privacy of their homes?" [20]. Burning of cloth actually would effectuate to economic hindrance. Actually Rabindranath witnessed the divisive Swadeshi movement for the partition of Bengal in 1905, of which he was as active proponent and that made him dubious.

Likewise, expulsion of Government institutions without having any apposite alternative education system, according to the poet, was a futile sacrifice to incomplete education instead of complete education.

In defiance of Gurudev's standpoint, Gandhiji's laconic opinion "I have never been able to make a fetish of literary training...... Government schools have unmanned us; rendered us helpless and Godless. They have filled us with discontent, and providing no remedy for the discontent, have made us despondent. ......it became sinful for us to associate our children with it. .......the vast majority of the students went back after the first flush of enthusiasm."[21]

Actually, he never took it as gospel truth that formal education is a panacea to us. And quite interestingly, Tagore himself was an exquisite example of so called abortiveness of formal education.

To robe with foreign cloth was a sin to Gandhiji, so putting it ablaze was a purgation from sin and burning of shame. He advised to clothe naked body with homespun woven dress. While the poet took the bone of contention from economic point of view, other made no demarcation between economics and ethics!

**7. BIHAR EARTHQUAKE DISCORDANCE : 'DIVINE CHASTISEMENT' VIS-A-VIS PHYSICAL PHENOMENON**

The discordance between the two Greats, was not confined to the greater scope of polity but percolated in social domain also. On Monday the 15th January 1934, a calamitous earthquake was inflicted on Bihar. More than seven thousand people were succumbed to death. Gandhiji's statement from South India in the *'Harijan'* Patrika sparked wide controversy. His interpretation of its occurrence was an expression of divine wrath and a clear sign of God's chastisement for the great sin against the untouchable caste. Tagore did not make any repercussion at the outset, rather he waited for its veracity from Gandhiji's end. In a telegram on 2nd February, Gandhiji took the onus of the statement and let the poet to protest. On 5th February 1934, 'painfully surprised' poet uttered the 'truism' that " physical catastrophes have their inevitable and exclusive origin in a certain combination of physical facts. .......As for us, we feel perfectly secure in the faith that our own sins and errors, however enormous, have not got enough force to drag down the structure of Creation to ruin"[22]

Quite obviously, the poet pointed that interrelation between ethical principles and cosmic phenomena is sheer unscientific outlook, Gandhiji promulgating. Gandhiji made a wondrous strange plea—admittedly he could not prove the very existence of God, likewise unable to establish a palpable, cogent relationship between earthquake and untouchability. It is his personal perception. A logically untenable and blatantly implausible claim of which Tagore vehemently argued, was adduced by a pleader!

Steadfast to his point, Mahatma in an article 'Superstition vs. Faith' in the *'Harijan'* Patrika of February 1934, remarked more explicitly: "If my belief turns out ill-founded, it will still have done good to me and those who believe with me. ....... With me the connection between cosmic phenomena and human behaviour is a living faith that draws me nearer to my God, humbles me and makes me readier for facing him. Such a belief would be a degrading superstition, if out of the depth of my ignorance I used it for castigating my opponents."[23]

To warm the cockles of the heart by logic is not possible! And personal feelings always triumphs over logic.

8. **FASTING : FAST DISAGREEMENT**

সাধারণত বাংলায় Sand Casting এর সূত্রপাত হয়েছিল কোম্পানি আমল থেকে, ইউরোপে শিল্প বিপ্লবের ফলে সারা পৃথিবী জুড়ে যে কলকারখানা গড়ে উঠেছিল, সেই সকল কলকারখানার নানা রকমের যন্ত্রাংশ এর জোগান এর প্রয়োজন হলো, দিকে দিকে Sand casting এর ছোট বড় কারখানা তৈরি হতে লাগল। এই কারখানাগুলি মূলত গড়ে উঠেছিল শিল্প অঞ্চলকে কেন্দ্র করে। শিল্প বিপ্লবের ফলে যে সকল কারখানাগুলি গড়ে উঠেছিল মেশিন পত্রের যন্ত্রাংশ তৈরির জন্য পরবর্তী কালে সেই সকল সেই মেকানিকাল যন্ত্রাংশ যোগান দেবার কারখানাগুলি সামগ্রিক শিল্প উৎপাদন করতে লাগল। এই সকল ঢালাই কারখানাগুলি, গেট, গ্রিল, থেকে মূর্তি শিল্পে প্রবেশ করে। সারা পৃথিবী জুড়ে Lost wax এর বিকল্প Casting হিসেবে মূর্তি শিল্পে Sand Casting প্রবেশ করে।

আমরা দেখি কলকারখানায় যে সকল টন, টন ওজনের যন্ত্রাংশ যেগুলি খুব তাড়াতাড়ি Lost wax এ Casting করা সম্ভব নয়, সেগুলি Sand Casting এ ঢালাই হত। একদিকে বড় করে কারখানা তৈরি করার অর্থনৈতিক ব্যবস্থাপনার ছোটোখাটো উৎপাদনের ক্ষেত্রে Sand Casting এর উপযোগিতা অনেক বেশি। সেই কারণে Sand Casting এই সকল কাজের জায়গা দখল করে নেয়। আমাদের পশ্চিম বাংলায় মূলত কোম্পানি আমলে হাওড়ার বাদামতলা, পঞ্চানন তলা, দাশ নগর, টিকিয়া পাড়ার ইছাপুর রোড, বেলিলিয়াস রোডের ধারে ধারে এই Casting এর কারখানাগুলি গড়ে ওঠে। এখানে গঙ্গার ধারে নানা শিল্প। এই সকল কারখানার নানা রকম যন্ত্রাংশ, এর চাহিদা নানা রকমের প্রয়োজনে, এই অঞ্চলগুলিকে কেন্দ্র করে Sand Casting এর ছোট বড় নানা সাইজের কারখানা গড়ে ওঠে। এক একটি কারখানার এক এক রকমের, ঢালায়ের কাজ চলতো এবং আজও চলে, বিভিন্ন ধরনের মেটাল এই অঞ্চলগুলিতে Casting হয়ে থাকে। লোহা, পিতল, গান মেটাল, তামা, দস্তা, আলুমিনিয়াম, সিসা প্রভৃতি মেটাল এর Sand Casting এখানে সেই কোম্পানি আমল থেকে চলে আসছে। আজও ওই সকল অঞ্চল গুলিতে ব্যাপকভাবে Casting হয়ে চলেছে। তার আগের থেকে কাজের বাজার অনেকটা কমেছে, যে সকল কারখানা জিনিস পত্র নিত সেগুলি এখন নিজেরা Casting করে, ফলে ছোট কারখানা কোন রকমে টিকে রয়েছে।

এই বালি ঢালাই যখন থেকে পশ্চিম বাংলায় তার স্থায়ি স্থান করে নিয়ে ভারতবর্ষের বিভিন্ন জায়গায়, তার তৈরি জিনিস পত্র পৌঁছে দিতে লাগল, সেই সময় এই শিল্প সারা ভারত জুড়ে তাদের একটা বাজার করে ফেলে, এই সকল মেশিনারি যন্ত্রাংশ, রেলের চাকা থেকে পেরেক, নাট, কোদাল, কড়াই, পাখার ব্লেড, জাহাজের প্রোফাইলার, কলকারখানা থেকে গৃহের প্রয়োজনীয় জিনিস এই হাওড়া অঞ্চলে Casting হতো বালির ছাঁচের মাধ্যমে। এই বালি ঢালাই পরবর্তী কালে সুক্ষ্মতা লাভ করে এবং মানুষের রুচির জায়গায় প্রবেশ করে। ধীরে ধীরে এই ইন্টিরিয়র ও একস্টিরিয়ার-এর নানা কাজ হতে থাকে। বাড়ি ঘরের, রেলিং, গেট, গ্রিল, জাফরি, টিউবওয়েল, ঘণ্টা, ওয়াল ব্র্যাকেট, ঝাড়বাতির সেট, চেয়ার, টেবিল, ঘোরানো সিঁড়ি এবং মূর্তি কোন কোন কাজ ফাঁপা ঢালাই করা হত কোন কোন কাজ নিরেট ঢালাই করা হত। এই সকল কাজ নানা রকমের মেটাল দিয়ে এই সকল অঞ্চলে আজও ঢালাই হয় কয়েক শতক ধরে চলে আসছে এই বালি ঢালাই পদ্ধতি। আমরা

জানি Sand Casting Lost wax এবং ডোকরা Casting অনেক প্রাচীন পদ্ধতি। সেই সকল Casting এর পাশাপাশি Sand Casting আজ মূর্তি শিল্পে একটি বিশেষ জায়গা তৈরির লক্ষ্যে অনেকটা এগিয়ে এসেছে। যে Sand Casting একদিন মানুষ ব্যবহার করেছিলো নিজের প্রয়োজনীয় জিনিস, প্রয়োজনীয় যন্ত্রপাতি তৈরির কাজে; সেই Sand Casting শিল্প বস্তু সৃষ্টি বা ভাস্কর্য শিল্পে প্রবেশ করে সারা পৃথিবীর মানুষের রসবোধের জায়গায় উত্তীর্ণ হয়েছে ভাস্কর্য সৃষ্টির মাধ্যমে।

বাংলা সাধারণত ছিল কৃষি প্রধান। সেই কৃষি প্রধান দেশের সাধারণ কৃষক মজুর হঠাৎ করে কোম্পানি আমল থেকে তাদের বংশ গত পেশা ছেড়ে, Casting এর কাজে লেগে গেলো, যে Casting এর যাদের কোন পূর্ব অভিজ্ঞতা ছিল না। আজ কয়েক শতকের মধে দিয়ে এই মানুষগুলি Casting কে যেনো নিজের করে নিয়েছে। তাদের কাজ দেখলে তা বোঝা যায়। এই ঢালাই পদ্ধতি, অজানাদের হাতে পড়ে ধাক্কা খেতে খেতে প্রবীনের চেহারা নিয়েছে। তাদের সৃষ্টি শিল্প কলা বা Casting দেখলে আমরা তা বুঝতে পারি।

**বালি ঢালাইয়ের সঙ্গে যারা কয়েক পুরুষ যুক্ত তাদের পরিচয়**

Sand Casting এর সঙ্গে যে সকল পরিবার যুক্ত রয়েছে কয়েক পুরুষ ধরে, সেই সকল পরিবারের Casting ইতিহাস, এবং আজ প্রতিকূল পরিস্থিতির মধ্যেও তারা Casting করে চলেছে। সেই সকল পরিবারের মধ্যে কয়েক জনের সম্পর্কে নিম্নে আলোচনা করা হলো—

**Non Ferrous Industries**
17A Monohar Pukur Road
Kolkata-700 026

এই কারখানাটি অনাদিনাথ মুখার্জী তৈরি করেছিলেন প্রায় আজ থেকে সত্তর বছর আগে। এই কারখানাটি প্রতিষ্ঠিত করবার আগে তিনি "বেঙ্গল ইনগড কোম্পানি" তে প্রায় বারো বছর কাজ করেছিলেন। এই বারো বছরের অভিজ্ঞতা নিয়ে অনাদি বাবু Non Ferrous Industries প্রতিষ্ঠা করলেন। অনাদি বাবুর সময় বাজার ভালো ছিল। সেই সময় প্রচুর ঢালাই হতো। বাজারে প্রতিদিন প্রচুর মাল সাপ্লাই হতো। তাঁর সময় এই কারখানা থেকে, বেঙ্গল কেমিকেল, মেটালবক্স, মলিন, বেঙ্গলহ্যাম্প ও জেসপ এই সকল জায়গায় অনাদি বাবু রীতিমতো মাল সাপ্লাই করতেন।

অনাদি বাবুর পরবর্তী কালে Non Ferrous Industry কারখানার দেখাশুনা করেন ছেলে শিবাজী মুখার্জী, ওনার মুখে বিস্ময়ের বাণী শোনা যায় 'আজ আর তেমন বাজার নেই', তার কারণ হিসেবে বলেন যে সকল কারখানায় এনারা মাল সাপ্লাই করত বর্তমানে সে সকল কারখানা বন্ধ হয়ে গেছে। ফলে কারখানার লোক সংখ্যাও কমে গেছে অনাদি বাবুর সময় এই কারখানায় অনেক লোক কাজ করত আর আজ ছেলে শিবাজী মুখার্জীর কারখানায় মাত্র পাঁচ জন থেকে ছয়জন লোক কাজ করে। প্রতিদিন Casting মেটালের পরিমাণও কমে গেছে, সবসময় কাজ থাকেনা। এই কারখানার Casting করা হয় মেকানিকাল মেশিনারী যন্ত্রাংশ, ফ্যানের ব্লেড। এই কারখানা আগের মত ভালো মেটাল ব্যবহার করেনা বাজার খারাপ দাম পাওয়া যায় না ইত্যাদি কারণের জন্য। এছাড়া মেটালের দাম, বাজার দাম, চাহিদাও কম, এই সকল কারণে আজ বালি ঢালাই কারখানা

বন্ধ হবার মুখে। শিবাজী মুখার্জী বলছেন পরবর্তী কালে এই Non Ferrous না রাখবার পরিকল্পনা, এতে তেমন লাভ নেই আজ। আগে এখানে জলবালি, তেল কালি, $CO_2$ বা কার্বন-ডাই-অক্সাইড পদ্ধতি ও নোবেক প্রভৃতি পদ্ধতিতে Casting করা হত। একটা সময় এখানে গেট, গ্রিল, চেয়ার, টেবিল এর ডিজাইন পটগুলি, ফটোফ্রেম, শিল্ড, award ট্রফি প্রভৃতি ঢালাই হতো। ব্রাস, তামা, পিতল, ব্রোঞ্জ, প্রভৃতি আজ হালকা মিডিয়াম আসবার কারণে ও Casting এর সমস্ত কিছুর দাম বেড়ে যাবার কারণে এই সকল কাজ তেমন আর হয়না। তবুও 17A Monohar Pukur Road এর এই কারখানা চার পাঁচ জন কর্মচারী নিয়ে আজও মাথা তুলে দাঁড়িয়ে রয়েছে। যদি এই Casting এর অন্য কোন দিক খুলে না যায় তা হলে অদূর ভবিষ্যতে এই ধরনের কারখানা আর থাকবেনা।

**বুদ্ধীশ্বর অধিকারী অ্যান্ড ব্রাদার্স**
গ্রাম: রাম নগর, পোষ্ট: রায়পুর
জেলা: দক্ষিণ ২৪ পরগনা

রাম নগরের এই কারখানা বুদ্ধীশ্বর অধিকারী তৈরি করেন। তিনি প্রায় একুশ বছর এই কারখানা চালিয়ে ছিলেন। ওনার সাথে ওনার ছেলেরা সাহায্য করতে করতে বুদ্ধীশ্বর বাবুর পরবর্তী কালে ছেলেরা কারখানাটি চালায় তবে তাদের মুখে আক্ষেপের সুর শোনা যায়। বুদ্ধীশ্বর বাবুর এক ছেলের মুখে শোনা— নাম বিভূতি। তিনি বলেন বাবার সময় বালি ঢালাইয়ের চাহিদা ছিল, আজ আর তেমন নেই। আজ ওদের কারখানা বন্ধ হয়ে যাবার মুখে, সপ্তায় দুই তিন দিন ঢালাই হয়। মোট একশো কেজির বেশী মেটাল ঢালাই হয়না। কোন রকমে টিকে আছে এই কারখানা, এই কারখানাতে দরজা, জানলার কব্জা, ছিটকিনি, বালা, লক, নানা রকমের নকসা, তবে এখানে তেল বালিতে Casting হয়ে থাকে। বেশীরভাগ ছোট ছোট কাজ Casting হয়ে থাকে। কাজগুলি এখানেই ফিনিস হয়। একজন লেবার নিয়ে বিভূতি এই কারখানাকে বাঁচিয়ে রেখেছেন, এই না মরবার মত বেঁচে থাকা। কারখানার উপর নির্ভর করে রয়েছে এরা। বিভূতির পরবর্তী প্রজন্ম এই কারখানার ভার নেবেনা এটা বিভূতি চায়।

**K.C. Metal Supplier**
Monohar Pukur Road
Kolkata-26

এই কারখানার সূত্রপাত রাম চৌধুরীর হাত থেকে। এই কারখানা ত্রিশ বছরের পুরানো এখানে জল বালি ও তেল বালি এই দুটি পদ্ধতিতে ঢালাই হয়ে থাকে। এই কারখানায় দুটি ফারনেশ আছে। সারাদিন একশো থেকে একশো পঞ্চাশ কেজি মেটাল ঢালাই হয়ে থাকে। এই কারখানার আট নয়জন লোক কাজ করছে। কেউ ছাঁচ নিচ্ছে কেউবা নিল লাগাচ্ছে অথবা কোর কেউ মেটাল ঢালছে। খুব বড় কাজ সবসময় হয়না তবে প্রতিদিন

এখানে ঢালাই হয়। এদের বাজার বেশ ভালো, এখানে লোহা বাদে অ্যালুমিনিয়াম, তামা, ব্রোঞ্জ, পিতল, গান মেটাল, সিসা প্রভৃতি মেটাল ঢালাই হয়। এই কারখানার সব থেকে পুরনো Caster হলেন লাল মোহন দাস, ইনি এখানে কারখানা শুরু থেকে কাজ করছেন প্রায় ত্রিশ বছর। এনার পরে যে সকল Caster এসেছেন তারা হলেন লক্ষণ মণ্ডল, আঠাস বছর রয়েছে এখানে, দেবু মুখার্জী কুড়ি বছর দুলাল দাসও। রামদাস প্রথমে নিজে কাজ করতেন পরে এই সব মিস্ত্রিরা সব কাজগুলি করে থাকে, রামদাস মার্কেট দেখেন।

এই কারখানায় যে সকল জিনিস পত্র ঢালাই করা হয় সেগুলি হল জাহাজের সুইজ (জল) কার্বন হোল্ডার, মেশিনারি বুশ, সার্জিকাল যন্ত্র, এছাড়া নানা রকমের ডিজাইন, দরজা টেবিল, চেয়ার খাটের প্রভৃতি ফার্নিচার ছাড়া ল্যাম সেট। এরা লেকসেস কোম্পানিতে মাল Supply করে থাকে, এছাড়া অন্যান্য কোম্পানিতে মাল Supply করে।

এই সকল মেকানিকাল যন্ত্রাংশ ও ডিজাইন ছাড়া এরা মাঝে মাঝে বিভিন্ন মূর্তি ও রিলিফ ঢালাই করে বালি ঢালাই এর মাধ্যমে। একটি কাজের টুকরো টুকরো ছাঁচ নিয়ে ঢালাই করে এবং পরে জুড়ে দেয়। তবে সব কাজের পিস করবার দরকার হয় না। এরা কয়েক দিন আগে রবীন্দ্রনাথের একটি হাফবাস্ট Casting করলো কয়েকটা ভাগে ভাগ করে জুড়ে দিল। এছাড়া রয়েছে বুদ্ধ, লক্ষ্মী, সরস্বতী, গণেশ, লক্ষ্মী নারায়ণ, লোকনাথ প্রভৃতি ঠাকুর দেবতার মূর্তি। এরা Casting করে Sand এর মাধ্যমে। এছাড়া মেডেল, শিল্ড, লেটার প্রভৃতি ঢালাই এখানে হয়।

**দেবু মুখার্জী**

১৮, গড়ফা থার্ডলেন

কোলকাতা-৭৫

গড়ফার এই কারখানা ননদলাল মুখার্জী মহাশয় তৈরি করেছিলেন। তিনি দীর্ঘ ছত্রিশ বছর এই কারখানায় কাজ করেছেন। দেবু বাবুর বাবা নন্দলাল মুখার্জীর সময় এখানে দুটি চুল্লী ছিল এবং এখানে ছয় সাত জন লোক কাজ করতো। দিনে নব্বই থেকে একশো ত্রিশ কেজি মেটাল ঢালা হত। এখানে জল বালি ও তেল বালি উভয় পদ্ধতিতে ঢালাই করা হতো সেই নন্দলাল বাবুর সময়। সেই সময় কাজের বাজার খুব ভালো চিল। আজ আর তেমন বাজার নেই ওনার ছেলের মুখে শোনা নন্দলাল বাবু আজ আর বেঁচে নেই। নন্দলাল বাবুর ছেলে দেবু ওই কারখানা চালায়। দুই তিনটি লোক নিয়ে প্রতিদিন আজ আর ঢালাই হয়না। বেশিরভাগ সময় ব্রাস, গান মেটালের কাজ হয় তবে সপ্তায় দুই থেকে তিন দিন ঢালাই হয়ে থাকে তেল বালি পদ্ধতিতে। জলবালির কাজ কম হয়ে থাকে। এখন সপ্তায় দুইশো কেজির বেশি মেটাল ঢালাই হয়না। দেবু বাবু এবং ওনার বাবা নন্দলাল বাবু, বিশিষ্ট ভাস্কর চিন্তামণি কর মহাশয়ের অনেক কাজ Sand Casting এর মাধ্যমে করেছেন। বেশ বড় কাজ যেগলি পাট পাট করে পরে ওয়েল্ড করে নেওয়া। তাছাড়া আরো অনেক অনামি শিল্পীদের কাজ এনারা Casting করেছেন এবং আজও করছেন। নন্দলাল বাবু চিন্তামণি করের বেশি কাজ Casting করেছেন। পরে ওনার ছেলে করছেন। শিল্পীদের ব্যক্তিগত সৃষ্টি ছাড়াও এরা শিল্ড, মেডেল, প্রাইজ, গেট ও গ্রিলের নানা দরজা

জানালার নকসা প্রভৃতি Casting করে আর মেশিনের নানা পার্টস, এনারা নানা কোম্পানি থেকে অর্ডার নিয়ে Casting করে। কোম্পানিগুলি হল মোহন ইঞ্জিনিয়ারিং, আলাইন্স প্রাইভেট লিমিটেড, S. C Nath Company. এই সকল মেকানিকাল যন্ত্রাংশের সাথে সাথে নানা মূর্তি ভাস্কর্য Casting করে।

### ময়না গড়, বেহালা

নিতাই নস্কর

বেহালায় নিতাই নস্কর মহাশয় ১৪ বছর বয়স থেকে Sand Casting এর কাজের সঙ্গে যুক্ত রয়েছেন। আজ বৃদ্ধ ভদ্রলোক এই ৭৫ বছর বয়সেও তিন ছেলেকে নিয়ে কাজ করছেন। তবে এখন ছেলেরা ব্যবসাকে অনেকটা প্রসারিত করেছে। নিতাই বাবু মহাশয় কৃষ্ণপদ মণ্ডল নামে এক ভদ্রলোকের কাছে প্রথম কাজ করেন। সেখান থেকে নিতাই বাবুর Sand Casting এর হাতে খড়ি। এখানে প্রথমে লেবারের কাজ করতেন। মাটি মাখা, আঁচ দেওয়া, ঘর পরিষ্কার ইত্যাদি। তবে বেশি দিন তিনি এখানে কাজ করতে পারলেন না। কারণ কৃষ্ণপদ মহাশয়ের ব্যবসাকে বেশিদিন ধরে রাখতে পারলেন না। ফলে এখান থেকে নিতাই বাবু চৌরাস্তায় মেথর পট্টির সুরের চৌধুরীর কারখানায় কাজ করতে লাগলেন, এখানেও সেই হেলপার হিসেবে বারো আনা রোজ হিসেবে কাজ করতে লাগলেন। তবে এই বারো আনা রোজ আর হেলপারী নিতাই বাবুকে বেশিদিন ধরে রাখতে পারলো না। একটা সময় তিনি সপ্তায় পাঁচশো টাকা করে রোজ পেতেন, এখন তিনি ভালো মিস্ত্রী। সুরেন চৌধুরীর ফ্যাক্টরীতে যে সকল জিনিস নিতাই বাবু তৈরি করতেন সেগুলি হল বন্দুকের গুলির সিসার অংশ বা ক্যার্প। পাখি মারবার জন্য বন্দুকের গুলি, বন্দুকের ছড়ি যা দিয়ে বন্দুকের নল পরিষ্কার করা হত। এছাড়া বন্দুকের কিছু যন্ত্রাংশ। এই সকল জিনিসগুলি Government কে ডেলিভারি দিতো কোম্পানি। এখানে নিতাই বাবু দশ বছর কাজ করেন এর পরে নিতাই বাবু বঙ্গ স্টিল অ্যান্ড মেটাল কোম্পানিতে যোগদান করেন। এখানে জানালা দরজা, জাফরি গ্রিল নানা ডিজাইন তৈরি হত। এগুলি অ্যালুমিনিয়াম পেতল প্রভৃতি মেটালে তৈরি হত। এখানে নিতাই বাবু দুই বছর কাজ করেন। এর পরে নিতাই বাবু বেহালার বকুল তলায় Sunrise and Metal Casting নামক কোম্পানিতে কাজ করতে লাগলেন। এখানে নানা রকমের যন্ত্রাংশ, দরজার ডিজাইন, বালা কব্জা, ছিটকিনি ও লক, নকসা করা ডিজাইন— এগুলি পিতলে Casting করতেন। এখানে তিনি দশ বছর কাজ করেন। এর পরে তিনি এই কোম্পানি ছেড়ে সিরাকোলে Mondal and Engineering works নামক কোম্পানিতে কাজে লাগেন। এখানেও নানা ডিজাইনের বালা, কব্জা, লক ইত্যাদি পিতল অ্যালুমিনিয়ামে তৈরি হতো। এতগুলি কোম্পানি বা কারকানায় কাজ করবার অভিজ্ঞতা এবং কাজ সম্পর্কে দক্ষতা নিতাই বাবুর মনে আত্মবিশ্বাস যুগিয়ে ছিল। সেই আত্ম বিশ্বাস থেকে নিতাই বাবু বহু কষ্টে ময়নাগড়ে জায়গা কিনে কারখানা করলেন। সারাদিন ঘুরে ঘুরে কাজ ধরতেন, তারপরে ফিরে এসে সেই কাজগুলি ডেলিভারি দিতেন পার্টির বাড়িতে। বলতে গেলে একসময় একা সপ্তায় একশো কেজি পিতলের কাজ বাজারে সাপ্লাই দিতেন, এখানে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতি, বিবেকানন্দ, নটরাজ এর মূর্তি প্রভৃতি রিলিফ কাজ অনেক বাজারে পাঠাতেন। এই একা থেকে নিতাই বাবু তার কারখানাকে বেশ বড় করে ফেলেছেন। এখন তিন ছেলে এই কাজের সঙ্গে যুক্ত। তিন ছেলে আর নিতাই বাবু আট নয় জন লেবার নিয়ে কাজ করেন। এখন কাজের চাহিদা বেড়েছে,

নিতাই বাবু যে সময়ে কাজ করতেন সে সময় কয়েকটা জিনিসের মধ্যে সীমাবদ্ধ ছিল। Casting আজ বহুমুখীন চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে অনেক রকমের মেটালের কাজ করছেন। পিতল, গান মেটাল তামা, অ্যালুমিনিয়াম প্রভৃতি এখানে মেশিনের নানা যন্ত্রাংশ তৈরি হয়, R.P সিনার, মিনি জেনারেটারের বডি তৈরি করেন যেগুলি অ্যালুমিনিয়ামের হয়। এচাড়া সাউথ অ্যান্ড কলিং টাওয়ারস নামক কোম্পানিতে পাখার ব্লেড Supply করে যেগুলি লম্বায় ছয় থেকে সাত ফিট এখানে একই মোল্ড ঢালাই হয়। এছাড়া ডাক্তারি যন্ত্রপতি, মেকানিকাল যন্ত্রাংশ, দরজা গ্রিলের নানা ডিজাইন, লক্ষ্মী, গণেশ, সরস্বতী, শিব, নারায়ন, লোকনাথ ইত্যাদি ঠাকুর দেবতার মূর্তি পিতল তামা অ্যালুমিনিয়ামে তৈরি করেন। আজ প্রতিদিন প্রায় পাঁচশো কেজি মেটাল Casting এখানে হয়। এখানে খেলা বা যে কোন সাম্মানিক পুরস্কার মেডেল, শিল্ড, কাপ বা ট্রফি কাঁটাচামচ, ইলেকট্রিকের জিনিসপত্র, লেম্পসেট, সার্জিকাল যন্ত্র, নানা রকমের নকসা, খাট, আলমারি, দরজার নানা নকসা অ্যালুমিনিয়ামের কড়া, চাটু ইত্যাদি কাজ করেন নিতাইবাবু। এটা সম্ভব হয়েছে দীর্ঘ অভিজ্ঞতার ফলে।

**Shree Kali Iron Fundary**
Shanpur, lchapur Road
P.O. Dasnagar, Howrah-711105

Shree Kali Iron Fundary কারখানার মালিক অমর আর অভয়। এখানে কেবল মাত্র আয়রন Casting হয়। জল বালিতে Casting করা হয়। এই কারখানা পঞ্চাশ বছরের পুরানো। এই কারখানায় বড় বড় মেশিনের যন্ত্রাংশ তৈরি হয়। তবে এরা ভাস্কর্যদের কাজ করেনা, যদি কেউ কাঠের ফর্মা করে দেয় তাহলে বালি ঢালাই করে দেয়। এখানকার ফার্মগুলি কাঠ ও অ্যালুমিনিয়ামের হয়। কাঠের মধ্যে সেগুন, মেহগুনি, প্রভৃতি ভালো কাঠ। এই কারখানার সত্তর জন মত লেবার রয়েছে। এই কারখানায় ঘণ্টায় ২.৫ টন মেটাল গলে। যেদিন মেটাল গলানো হয় তার আগে মোল্ড গুলিকে ফিনিস করে রাখা হয়ে থাকে। গলিত মেটাল নিয়ে মোল্ডে ঢালা হয়। যেদিন মেটাল ঢালা হয় সেইদিন আর মোল্ড খোলা হয়না, পরের দিন খোলা হয়ে থাকে। এখানে যে সকল জিনিস ঢালাই হয় সেগুলি হল জেনারেটারে যন্ত্রাংশ, টিউবেল, বাটখারা পাম্প, Health আইটেম বা রোলার, দান ঝাড়া মেসিনের যন্ত্রপাতি, সিড়ি, প্রভৃতি এছাড়া কারখানায় প্রথম দিকে বেশ কিছু চেয়ার, টিবিল, ফুলদানি, টব, জাফরি, মেনহোলের ঢাকনা, ডিজাইন করা পিলার প্রভৃতি ঢালাই হতো। আজ এই সকল জিনিস কম ঢালাই হয়।

এই সকল Casting Fundary ঘুরে আমি যা দেখেছি, তা থেকে আমার মনে হযেছে এই সকল Sand Casting Fundary কোননা কোন ভাবে শিল্প মাধ্যমের সঙ্গে যুক্ত ছিল। কেউ মূর্তি ঢালাই করছে। কেউ বা ডিজাইন করা পিলার, কেউবা রিলিক মূর্তি, কেউবা ভাস্করের ভাস্কর্য। এই সকল কাজের বেশ কিছু চিত্র আমি দিলাম যা দেখে আমরা খানিকটা অনুমান করতে পারি Sand Casting কি ধরনের কাজ সেই সময় হতো, এবং আজও হয়ে চলেছে। যদি এই কারখানাগুলি ঠিকঠাক বাজার পায় তাহলে তাঁরা তাদের আগের জায়গায় ফিরে আসতে পারবে। আজ আবার অনেক কারখানায় পুরানো দিনের সব ডিজাইন Casting করা হচ্ছে। তারসঙ্গে শিল্পীদের কাজের সুযোগ রয়েছে।

## M. G. Metal Works

বোড়াল ব্রহ্মপুর পঞ্চাননতলা, গড়িয়া
দক্ষিণ ২৪ পরগণা

M. G. Metal Works এর কর্ণধার বা প্রতিষ্ঠাতা ছিলেন বাদল নাথ। এনাদের সোনার দোকান ছিল পূর্ব পুরুষের ব্যবসা। সেই ব্যবসা চেড়ে বাদল বাবু Sand Casting এর কারখানা তৈরি করেছেন। তিনি আজ ত্রিশ বছর এই কারখানার সঙ্গে যুক্ত। এই কাজে তার ভাই বিদ্যুত কুমার নাথ বাদল বাবুকে সাহায্য করে থকেন। এরা প্রধানত যে কাজগুলি বেশি পরিমাণে করে থাকেন, সেগুলি হল জেনেরেটারের সিলিন্তি, হাইটেনসনের কপারপাতি, Spingler যেটি বাগানে জল দেবার কাজে ব্যবহার করা হয়, ফ্যানের যেটি অ্যালুমিনিয়াম Casting করা হয়ে থাকে, রেলের হেডলাইটের কভার এই সকল জিনিস পত্র তারা বিভিন্ন জায়গায় ডেলিভারি করে থাকে প্রাইমেস্ক, সিন্ডিকেট যেমন এখানে Casting গুলি বেশি ভাগ জল বালি ও তেল বালিতে হয়ে থাকে। তবে মাঝে মাঝে গেবিডিগাই পদ্ধতিতে Casting হয়ে থাকে। এই কারখানায় আগে নয় থেকে দশ জন কাজ করতো। বাদল বাবুর ভাই বলেছেন ওরা যখন প্রথম কারখানা করেন সেই সময় কাজ ছিল যথেষ্ট আজ বিমল পাল, গৌতম দাস ও উদাতুল্লা মোল্লারা কারখানাকে কোন রকমে বাঁচিয়ে রেখেছে। আজ আর প্রতিদিন Casting হয়না। সপ্তায় তিন চার দিন Casting হয়ে থাকে। কাজ এলে Casting হয়। একটত্রা কাজ করতে যে পরিমাণের লোক লাগে সেই তুলনায় আজ আর বাজার নেই। মেটালের দাম ও কয়লার দাম বেড়ে যাওয়াতে তার সঙ্গে সঙ্গে যেটি বড় ভাবে দেখা দিয়েছে বড় বড় কারখানাগুলি বন্ধ হয়ে যাওয়াতে এই বালি ঢালাই সবথেকে বড় সমস্যার মুখে পড়েছে। এই সব ছোট ছোট বালি ঢালাই কারখানাগুলি তাদের চাহিদা মেটাতে, এই সকল বড় কারখানাকেই অবলম্বন করে। আজ বড় কোম্পানি বন্ধ হওয়াতে বাদল বাবুদের মত অনেক Sand Casting এর কারখানা বন্ধ হয়ে গেছে। যেগুলি বেঁচে রয়েছে সেগুলিও সবসময় Casting হয়না। বাদল বাবুর ভাই বিদ্যুত দুঃখের সঙ্গে এই সকল কথা জানালেন। সেই সঙ্গে বললেন তাঁরা কয়েক বছর ধরে বিভিন্ন শিল্পীদের কাজ Casting করেছেন। এদের মধ্যে রয়েছেন, শঙ্কর ঘোষ, তাপস সরকার ও সুজিৎ দাস প্রভৃতি শিল্পীদের কাজ ঢালাই করে। যে কাজগুলি একটু বড়, যে গুলি হলো করা হবে এবং যেগুলি একটু বেশি আন্ডার কাট, একটু ঘোরানো পেঁচানো সেই কাজগুলি বাছাই করে করে নিয়ে সেগুলিকে Sand Casting এর সুবিধা মতন কেটে নিয়ে তারপরে সেই ফাইবারের টুকরোগুলিকে আলাদা আলাদা করে বালিতে মোল্ড করে নিয়ে Casting করে। বেশি বড় কাজ হলে জল বালি আর ছোট কাজ হলে তেল বালিতে এইভাবে পূর্বের কাজটি ফিরে পাওয়া যায়। এতে কাজটি কম সময়ে এবং কম খরচে হয়ে যায়। আবার যে কাজগুলি দুটি ভাগে করা যায় সেগুলি একসঙ্গেও Casting হয়ে যায়। এই কাজে ওয়েল্ড এর কোন ঝামেলা থাকেনা। এইভাবে M. G. Metal Works তাদের মেকানিকাল যন্ত্রাংশের সঙ্গে সঙ্গে শিল্পকলার নানা কাজগুলি করে চলেছে। এইসকল Sculpture গুলি প্রথম প্রথম Casting এ অনভ্যস্থ থাকলেও আজ তারা দক্ষতার সঙ্গে এই সকল শিল্পীদের কাজ Casting করে চলেছে।

# বালি ঢালাই বা Sand Casting সম্বন্ধে বিশিষ্ট ভাস্করের মতামত

ভাস্কর চিন্তামণি কর

দিনটি ছিল ০৫/০৩/০৫ শনিবার বেলা এগারোটা, অনেক কষ্টে এই দিনের এই সময়টি আমি পেয়েছি। তিনি অনেকদিন যাবৎ অসুস্থ রয়েছেন। এই কয়েকদিন একটু ভালো। তাই ভাস্কর বিপীন বাবুর কথা ফেলতে পারেননি, আমাকে আসতে অনুমতি দিলেন। আমি আধঘণ্টা আগে পৌঁছে গেছি। ভাস্কর ভবনের সামনে কয়েকটা লোক কাজ করছে। ভাস্কর ভবন বন্ধ। খুলবে বারোটার সময়, পুরো বাড়িটা মিউজিয়াম, অনেকক্ষণ ঘোরাফেরা করলাম, কি অসাধারণ সব ভাস্কর্য, কোনটা ব্রোঞ্জ, কোনটা পাথর, কোনটা কাঠ ও প্লাস্টারের। এগারোটার সময় আমাকে ডাকলেন। একটি লোক, বললেন তোমাকে ভিতরে আসতে বলছেন। আমি ভয়ে ভয়ে ভিতরে গেলাম, স্যারের পাশেই বসলাম, ভয় পাচ্ছিল। আমি কি জিজ্ঞাসা করবো। একানব্বই বছর বয়স্ক বিখ্যাত ভাস্কর চিন্তামণি কর মহাশয়কে, আমি ভয়ে ভয়ে Sand Casting সম্বন্ধে সমস্ত কিছু জানতে চাইলাম। স্যার আমাকে বললেন Sand Casting আমাদের দেশের প্রাচীন পদ্ধতি। মহেঞ্জোদারো হরপ্পাতে যে সকল ব্রোঞ্জ মূর্তি পাওয়া গেছে সেগুলি Sand Casting এর মাধ্যমে করা। এই কাজগুলি মাটি দিয়ে মোল্ড করে ঢালা হযেছিল, আমার মনে হয়, সেইসময Lost wax ছিল না বা ডোকরা ছিলনা, আজ আমরা সাউথ ইন্ডিয়াতে গেলে দেখবো সেখানে আজও মাটির মোল্ড করে তাতে মেটাল ঢালা হচ্ছে, চোল শিল্পের বেশি ভাগ মূর্তি Sand casting এর মাধ্যমে করা। বিভিন্ন পার্টে পার্টে মূর্তি করা হতো, পরে সেগুলি জুড়ে দেওয়া হতো, তখন ওয়েল্ডিং ছিল না, যে অংশটা জুড়ে দেওয়া হবে সেই অংশটি ক্লাম্প এর মত করে রাখা হতো। সেই ক্লাম্পের মধ্যে বসিয়ে বা আটকে পিটে পিটে জোড়া লাগানো হতো পুরানো অনেক মূর্তি আমরা সলিড দেখতে পাই। সেই সময় মাটির মূর্তি করে তা থেকে মাটির সাথে বালি মিশিয়ে মোল্ডের মাটি তৈরী করা হতো, এই Sand মোল্ড বা মাটির মোল্ডে মেটাল গলিয়ে ঢালা হতো, আজও এই পুরানো পদ্ধতি অনেক জায়গায় চালু রয়েছে। আজ Sand Casting অনেকটা আধুনিক হয়েছে। আজ বালির সঙ্গে অনেক কেমিকেল মেশাচ্ছে। সেই সময় বালির সঙ্গে মাটি মেশাতো, আমাদের দেশে Sand Casting অনেক পুরানো পদ্ধতি। স্যার বলছেন তেরোশো শতক থেকে Lost wax জনপ্রিয় হতে থাকে গ্রিস জার্মানিতে। পরবর্তীকালে সারা পৃথিবীতে Lost wax জনপ্রিয় হয়ে যায় রেঁনেসাতে। Sand Casting তার জনপ্রিয়তা হারায়। সেই কারণে আমরা প্রথম যুগের ব্রোঞ্জ মূর্তিগুলি অতো ডিটেলিং পাইনা। বেশিরভাগ মূর্তি Casting এর পরে চিজেলিং করা হত, ডিজাইনগুলিকে বের করা হতো। আজও সাউথ ইণ্ডিয়ায় করা হয়। নটরাজ মূর্তি মাটির মোল্ডের ঢালা; এটাকে Sand বলা যায়। সারা পৃথিবীতে Sand Casting এর মাধ্যমে অনেক বড়ো বড়ো কাজ হয়েছে, আজও হচ্ছে। ভাস্কর চিন্তামণি কর মহাশয় বিদেশে Sand Casting এর মাধ্যমে অনেক বড়ো বড়ো মূর্তি হতে দেখেছেন। আজ তিনি অনেক কাজ Sand Casting এর মাধ্যমে করিয়েছেন, ভাস্কর মহাশয় যে কাজগুলি Sand Casting এর মাধ্যমে করিয়েছেন সেগুলি হলো 'জল কন্যা' (১৯৯০) 'মেহিনী' (১৯৫৪) ও 'ওদালিস্ক' (১৯৯৯)। এই সকল অসাধারণ কাজের আলোকচিত্র আমরা আগে বিভিন্ন বইতে দেখেছি। এই সকল কাজগুলি পরবর্তী কালে Sand Casting এর মাধ্যমে করা হয়েছে। স্যার বলছেন Sand Casting রে মতো অতো ভালো না হলেও, মোটামুটি যে কাজগুলির সারফেস মসৃন সেগুলি Sand Casting এর মাধ্যমে করা যেতে পারে।

## ভাস্কর বিপীন গোস্বামী

আমাদের দেশে বালি ঢালাই মূলত Industrials ডিজাইন Casting থেকে এসেছে। Industiral Casting বেশিরভাগ সলিড Casting হয়ে থাকে, পরে সেগুলি লেদে বা অন্য মেশিনে ফিনিশ করা হয়ে থাকে। সারা পৃথিবী জুড়ে এই Casting ব্যাপকভাবে শুরু হয়েছিল শিল্প বিপ্লবের সময় থেকে। ব্রিটিশ, ফ্রান্স, জার্মানি, রাশিয়া প্রভৃতি দেশে নানা কারখানা তার যন্ত্রপাতি তৈরি থেকে এই বালি ঢালাই পদ্ধতির সূত্রপাত আমার মনে হয়। মূর্তি তৈরিতে Lost wax পদ্ধতি ব্যবহৃত হত; সিন্ধু সভ্যতা থেকে আজও এই ঢালাই একই ভাবে চলেছে। কিন্তু বালি ঢালাইকে নিয়ে যদি একটু ভাবনা চিন্তা করা হত তাহলে Lost wax এর মত সমপরিমাণে এই বালি ঢালাই পদ্ধতি জায়গা করে নিতে পারতো। মূর্তি শিল্পে Lost wax Casting এর সময় অনেক বেশি লাগে, কিন্তু অন্য সুবিধা রয়েছে। আমরা যে মডেলিং করি সেক্ষেত্রে আমাদের হাতের ফিঙ্গার প্রিন্ট পর্যন্ত Lost wax-এ এসে যায়। অতি জটিল কাজ Lost wax-এ করা হয়ে থাকে। সারফেস যেমনটি চাওয়া হয় তেমনটি পাওয়া যায়।

বালিতে Casting এর ক্ষেত্রে কোন মূর্তি যদি দুটি পার্টে Casting করা না যায় বা কোন কাজ একটু বেশি জটিল হলে কাজটিকে পিস করে করে Casting করে নিতে হয়, পরে ওয়েল্ড করে জুড়ে দিতে হয়। Sand Casting এর কাজ ফাঁপা করতে একটু অসুবিধা রয়েছে, থিকনেস খুববেশি পাতলা করা যায় না। Lost wax এ Casting এর মত তবুও এই বালি ঢালাইয়ের পদ্ধতিতে অনেক সুবিধা রয়েছে। প্রথম এই Casting অনেক কম সময়ের মধ্যে বা কয়েক ঘণ্টার মধ্যে করা যায়। এই বালি ঢালাই পদ্ধতিতে সময় কম লাগে কারণ একটি মাত্র চ্যানেল লাগে, মেটাল যাবার জন্য একটি মাত্র গ্যাস চ্যানেল লাগে এবং মেটাল ঢালবার সময় বালির মোল্ড থাকবার জন্য বালির যে পোরাসিটি তাতে অনেক গ্যাস টেনে নেয় এবং Casting এর সুবিধা হয়ে থাকে। Lost wax এর একটি কাজ ঢালাই করতে যেখানে দশ থেকে পনের দিন লাগে সেখানে বালি ঢালাই এ কয়েক ঘণ্টা লাগে। Lost wax এর Casting এ মোমের কাজ করা চ্যানেল লাগানো ইনভেস্ট মোল্ড করা, Dewaxing করা মেটাল ঢালা প্রভৃতি করতে যে সময় এবং অর্থ লাগে সেক্ষেত্রে বালি ঢালাইয়ে অনেক কম সময়, কম অর্থ, এবং লোক কম লাগে। তবে সব কাজ বালি ঢালাইয়ে করা যায় না। যে কাজগুলি বালি ঢালাইয়ের মাধ্যমে করা যাবে না, সেগুলি Lost wax এর মাধ্যমে Casting করা উচিৎ। তবে বালি ঢালাই এর ক্ষেত্রে যদি কাজটি পিলেন সারফেস হয় তাহলে কোন অসুবিধা হয়না। দক্ষিণ ভারতে অনেক স্যান্ড কাস্টিং হয় এবং সে কাজগুলি পরে চিজেলিং করে তার ডিজাইন করা হয় এছাড়া অনেক মূর্তি পাটে পাটে করে ওয়েল্ড করা হয়ে থাকে।

স্যান্ড কাস্টিং ধীরে ধীরে তাঁর গুরুত্ব হারাবার কারণ হল বালি ঢালাই যে সকল মিডিয়ামে হতো যেমন লোহার ঢালাই জাফরি, পিলার, চেয়ার, টেবিল, ল্যাম্পসেট, লোহার মডেল, ভাস প্রভৃতি। আগে লোহা ও অন্য মেটাল হতো যেগুলি প্রচুর ভারি এর ফলে আজ ফাইবার বা অন্য লাইট মেটাল এর জায়গা নিয়ে নিয়েছে। এছাড়া আজ যে সকল ডিজাইন হচ্ছে যেগুলি স্যান্ড এর মাধ্যমে করা যাবে না। বালিতে যেখানে অনেক পাট

করা হয়ে থাকে আজ ফাইবার একটি পাটে আমরা চেয়ার টেবিল পেয়ে যাচ্ছি। কিন্তু নকসা বা ডিজাইন প্রায় একই। এছাড়া প্রতিযোগিতা বেড়ে গেছে, বড় বড় কারখানা হয়ে গেছে দেশ বিদেশে, রেল, জাহাজ আগে বাইরে থেকে কাজ করাতো আজ তারা নিজেরা করে। এর ফলে ছোট বালি ঢালাই এর কারখানা বন্ধ হয়ে যাবার মুখে। এছাড়া Forzing পদ্ধতি যেটিকে একটি মেশিনে চাপ দিয়ে জিডাইন হচ্ছে ফলে কাস্টিং এর আর দরকার হয় না।

বালি ঢালাই পদ্ধতি নিয়ে যদি একটু ভাবনা চিন্তা করা হয়ে তাকে তাহলে আগের অবস্থা থেকে একটু উন্নতি হতে পারে। এই বালি ঢালাই নিয়ে কোন পরীক্ষা নিরীক্ষা করা হয়নি, ফলে এই বালি ঢালাই একই জায়গায় রয়েছে। যদি আজ এই Sand Casting কে Lost wax এর পশে আর্ট কলেজ এর সিলেবাসে রাখা হয় তাহলে এই কাস্টিং এর একটি নতুন দিক খুলতে পারে। কাজ অনুসারে আমাদের ঠিক করে নেওয়া উচিৎ কোনটা বালিতে কোনটা মোমে করা হবে। এই বালি ঢালাই পদ্ধতি যদি সিলেবাসে রাখা যায় তাহলে ছাত্ররা কম সময়ে অনেক বেশি কাজ করতে পারবে। এতে সময় এবং অর্থ বাঁচবে তাতে বালি ঢালাই পদ্ধতি নিয়ে নানারকম পরীক্ষা নিরীক্ষা করতে পারবে ছাত্ররা। এর ফলে স্যান্ড কাস্টিং Lost wax এর পাশাপাশি কিছুটা জায়গা করে নিতে পারবে বলে আমার মনে হয়।

————

Photo sent by author




44
45
46
47
47
48




লোহার চেয়ার

# GANDHIAN THOUGHT AND SPIRITUALISM

**Dr. Goutam Patra**

All round development in man is the end of education. Without spiritual development a man can not be a complete human being. Spiritualism is a great exposure of the awakening of human consciousness to drive a man to know himself and to have a complete control over himself. Spiritualism in man brings self-purification and self-discipline. Spiritualism evolves out of a purified and serene state of mind that makes a harmonious balance between inherent needs and diverse attractions. When a man exceeds himself and thinks beyond himself, he can conquer the little self and ascend to know the higher self ? the supreme self which is in terms of spiritualism stands for the real *atman*. The practice of non-violence is based on the sound inner practice of self-purification. '...the use of the matchless weapon of *Satyagraha* which is a direct corollary of non-violence and truth. ...It is a solvent strong enough to melt the stoniest heart.'[1] The essence of spiritualism in Gandhian education enlighten the inner self and crushes the essentials moral restraint. ?The ascent of the inner spirit for which Gandhi continually aspires is what serves as the essence of Gandhian spiritualism. Here is a continual aspirant for enlightenment of the inner self,- the sacred and serene self-who pays earnest Endeavour to move all the world with his theory and practice or non-violence to be aware of utilizing and ennobling the qualities of the head and the heart that stand for spiritualism par excellence.?[2]

Gandhian spiritualism allows priority of the heart to the head , the inner beauty of religion to mere observance of rites and rituals. According to Gandhi *Brahmacharya* is an opener of the doors and avenues of spiritualization. A proper synchronization of body, mind, thought, word and deed is needed through spiritual ascent and excellence. He clarifies his view points:

Asst. Professor, WBES, Institute of Education for Women Hastings House, Kolkata 27
gtmpatra21@gmail.com

"I was anxious to observe *brhamacharya* in thought, word and deed, and equally anxious to devote the maximum of time to the Satyagraha struggle and fit myself for it by cultivating purity. I was therefore led to make further changes and to impose greater restraints upon myself in the matter of food. The motive for the previous changes had been largely hygienic, but the new experiments were made from a religious standpoint." [3]

The purity of thought and action is essential for self restraint. Fasting in relation to self-restraint is on Gandhi's views:

"Fasting can help to curb animal passion, only if it is undertaken with a view to self " restraint. Some of my friends have actually found their animal passion and palate stimulated as an after effect of fasts. That is to say, fasting is futile unless it is as accompanied by an incessant longing for self-restraint."[4] It is the teacher who has a very significant role for the spiritual development of students being a living example of man of character. Gandhi makes a very clear analysis:

"The spiritual training of the boys is a much more difficult matter than their physical and mental training. I relied little on religious books for the training of the spirit. Of course I believed that every student should be acquainted with the elements of his own religion and have a general knowledge of his own scriptures, and therefore, I provided for such knowledge as best as I could. But that, to my mind, was part of the intellectual training. Long before I undertook the education of the youngsters of the Tolstoy Farm I had realized that the training of the spirit was a thing by itself."

"To develop the spirit is to build character and to enable one to work towards knowledge of God and self-realization. And I held that this was an essential part of the training of the young, and that all training without culture of the spirit was of no use, and might be even harmful."[5] According to Gandhi spiritual education aims at revelation of Truth and ensures boldness and awareness to a certain sense of spiritual insight. Spiritual development occurs when pupils themselves are encouraged through their inner sense disseminate between the right and wrong, the good and evil, the moral and the immoral, truth and untruth, they will be able to form within themselves the rightist attitude towards spiritualism. Gandhi believes, "pupils should know to discriminate between what should be received and what rejected. It is the duty of teacher to teach pupils discrimination. The *rishis* taught their pupils without books. They only gave them a few mantras which the pupils treasured in their memories and translated in practical life."[6]

Gandhi earnestly feels that the present day student has to live in the midst of heap of books, sufficiently fails to receive the education of the heart and crude facts of life.

Education of the heart is the education of self realization reveals the ultimate truth, beauty and goodness and harmonizes body, mind and spirit. Such education enables the child to have a control over passions and emotions but the modern mind has been maimed and crippled at the hands of automation and passivity. To him spiritual development of the child necessitates proper manifestation.

His views on spiritual development are as follows :

“True education of the children can only come through a proper exercise and training of the bodily organs, e.g. hands, feet, eyes, ears, nose, etc. In other words, an intelligent use of the bodily organs in a child provides the best and quickest way of development of his intellect. But unless the development of mind and the body goes hand in hand with a corresponding awakening of the soul, the former alone would prove to be a poor lopsided affair. By spiritual training I mean education of the heart.”[7] The History of human civilization admits that it is Gandhi and Gandhi alone who has ennobled manual work as the highest spiritual endeavor in education. He made a balance between intellect and spirit- the culture of the brain and the culture of hands and feet. It was a revolutionary approach to education that formulated the concept of Basic education. Gandhi expressed his views:

“He (Gandhi) had great regard for what could be achieved with men?s hands and feet. Indeed he used to say ,? there is no point in developing the brain only. One has to develop one’s brain through one’s hands?. If I were a poet, I would write a beautiful poem on the possibilities of the five fingers of one’s hand. Today one tends to say that a person is cultured if he does not use his hands. It is necessary to correct the concept of culture and spirituality and recognize and embellish the moral and spiritual equalities of the different occupations of working classes. And that was for Gandhi completely right.[8]

Gandhi gave emphasis on soul development through the education of heart and politenessto enable learners to follow nobler and higher values of life. He advocates for stimulating purity, simplicity , politeness and dissemination of clear concept of right and wrong, good and evil. Spiritual education will not divert humane sensibilities towards evil directions. He rightly remarks:

“ we can not properly control or conquer the sexual passion by turning a blind eye to it. I am, therefore, strongly in favour of teaching young boys and girls the significance and right use of their generative organs and in my own way I have tried to impact this knowledge to young children of both sexes, for whose training I was sensible. But the sex education that I stand for must have for its object the conquest and sublimation of the sex passion” it is man’s special privilege and pride to be gifted with the faculties of head and

heart both, that he is thinking no less than a feeling animal, and to renounce the sovereignty of reason over the blind instinct is, therefore, to renounce a man's estate.[9]

Gandhi believes that students should be taught how to lead a desirable, moral and spiritual life. The most important task of imparting moral and spiritual education is to be taken up and performed to eliminate 'sex complex' right from the educational Institutions. The soul force in the learners will direct spiritual awakening to control greed, lust, corruption and sensualism.

"The conquest of Lust is the highest endeavour of a man's or a woman's existence. And without overcoming lust, man cannot hope to rule over self, there can be no *Swaraj or Ram Raj*. Rule of all without the rule of oneself would prove to be as deceptive and as disappointing as painted toy mango, charming to look at, but hollow and empty within. Soul ?force comes only through God's grace and never descends upon a man who is a slave to lust".[10]

Gandhi an ardent follower of spiritualism sincerely hopes of controlling animal passion through spiritual excellence. Self-realization can restrain animal passions and safeguard moral laws and principles. In this connection he opines:

"It s wrong and immoral to seek to escape the consequences of one's act. It is still worse for a person to indulge in his animal passions and escape the consequences of his acts. Moral result can only be produced by moral restraints.[11]

Basic Education throws light on the spiritual education for character building and humanizing lesson. The foundation of right thinking, right feeling, right doing can be developed through the inculcation of spiritual lesson of education for character building. Absolute purity of heart comes through the observance of truth and *brahmacharya.*

Education is the manifestation of purity and perfection. Gandhi moulds education for inner awakening. The learner has to draw out his inherent spiritual force latent in him to pave the avenues of self-understanding and self-assessment. But modern education is alarmingly camouflaged due to lack of spiritual education.

Gandhi highlights manual training in primary education at wardha conference on 22nd October In 1937 and says, ? I am convinced that the present system of primary education is not only wasteful, but is positively harmful?.I think the remedy lies in educating them by means vocational and manual training. I have some experience of myself, having trained my sons and other children on Tolstoy Farm in South Africa through some manual training,..?[12]

The wholeness of education could be achieved through an insight into manual labour 'a practical religion' of self-help is the inner worth of spiritualism. Gandhi shows us a distinct pattern of spiritualism through manual work. He remarks,

"I have been accused of being opposed to literary training. Far from it, I simply want to show the way in which it should be given. *Takli* is a good enough toy to play with. It is no less a toy because it is a productive one. Whilst the child will be encouraged to spin and help his parents with agricultural jobs, he will also be made to feel that he does not belong only to his parents but also to the village and to the country, and that he must make some return to them. They would make them self ?confident and brave by their playing for their own education by their own labour. This system is to be common to all Hindus, Muslims, Parsis and Christians. Why do I not lay any stress on religious education, people ask. Because I am teaching them practical religion, the religion of self-help."[13]

Gandhi strongly intends to bring about a radical change in the concept of education. He wants education to be shaped for emancipation of inherent spirit of an individual through ?learning by doing?. He emphasizes to reshape education for right thinking, right feeling and right doing to eliminate passion and enrich detachment. According to him ?the present system of education does not meet the requirements of the country in any shape or form. English, having been made the medium of instruction in all the higher branches of learning, has created a permanent bar between the highly educated few and the uneducated many. The absence of vocational training has made the educated class almost unfit for productive work and has harmed them physically.[14]

Gandhi advocates education for self-purification through a spiritual manner to bring a real social revolution. He desired to create a favorable atmosphere of purity and self-restraint for the harmonious development of pupil.

He remarks,''When Gandhi speaks for truth or non-violence it also encapsulates this spiritual ascent of man. Let every child grow up in an atmosphere of purity and self-consciousness, self-restraint and fearlessness. No other education can replace this objective because no other education can embrace ardour and adoration , labour and devotion for spiritual erudition that heightens the inherent and true spirit of religion"[15]

Spiritual development enables man to differentiate between good and evil. It is the awareness that evil cannot lead goodness rather it is goodness that gradually eliminates evil. His spiritual education gave emphasis on the sound foundation or means to reach the end. He remarks:

"If I want to cross the ocean, I can do only by means of a vessel; if I were to use a cart for that purpose, both the cart and I would soon find the bottom. The means may be likened to a seed, the end to a tree; and there is just the same invisible connection between the means and the end as there is between the seed and the tree. I cannot likely to obtain the result flowing from the worship of god by laying myself prostrate before satan. If, therefore, anyone to say: 'I want to worship God; it does not matter if I do so by means of Satan', it would be set down as ignorant folly. We reap exactly as we sow."[16]

Holding goodness under every circumstance is desirable through the continual and strenuous process of self-purification. According to Gandhi, 'The spiritual weapon of self-purification, intangible as it seems, is the most potent means of revolutionizing one's environment and loosening external shackles . I work subtly and invisibly, it is an intense process through it might often seem a weary and long drawn process; it is the straight way to liberation, the surest and quickest and no effort can be too great for it. What it requires is faith-an unshakable mountain like faith that flinches from nothing'

Gandhi believes that the education of socialism is the education of spiritualism that teaches the lesson of unity in diversity and purity of thought and action. A socialistic society provide for an environment of truth and non-violence through which the crude desire and ill wills can be eliminated. So elimination of impurity of mind and body is the main task of education. Society is the great source of spiritual development. Social ills keep the inner sensibilities inert and inactive and everyone has to fight against these ills and keen to transform himself from petty interests towards societal national and global development. "Gandhi's entire approach was thus societal in content. Although Gandhi reposed great faith in God and believed in the values of spirituality and ethics, his spirituality, his God and his ethics were all products of the social reality. 'Truth is God' said Gandhi in later years and indicated that he had found his God in the habitats of the poor, the *daridranarayana*. Gandhi's position became further clear when he said,in his independence day message to the country on 15th August ,1947, that 'God comes to the poor in the shape of bread'. Gandhi's main concern was, therefore, with truth-the supreme fact of life, one that has accounted for the total global reality of his times.'

Gandhi redirects religion towards the best possible manifestation of spiritualism-the course of love to mankind and a synchronized manner of simplicity and tolerance. It will teach the lesson of endearment and glorify the spiritual ascent of man. Tolerance contributes to the manifestation of religion as a great transcendental force which modifies the limitations of religious beliefs and faith. Tolerance is an invaluable component for spiritual insight that

can be achieved through the indigenous pattern of education. The religion that places man as the endless worshiper of Truth, Beauty and Goodness is the true religion of love for mankind.

The spiritual education of Gandhi opens the new following parameters:

Spiritual education is the only education for the advancement of man as a good human being for the sake of good of all human beings. Education is a unique, unending and complex process of self-realization Education through work harmonizes the matter with spirit and creates intrinsic motivation in students mind

The ultimate goal of education is the development of soul force. Spiritual education accelerates this inner development and to achieve this goal education should be directed towards this end. Gandhian education quickens the transcendence of humanity and human values Gandhi moulds education to promote Truth, Beautiful, and Goodness and to safeguard human values like conscience, love and tolerance. Education with spiritual touch dispels the mists of ignorance and frees human mind from stress, anxiety, delusions, disappointment, despair and depression.

Reference:

1. R.K. Pradhan and U.R. Rao (compiled) *The mind of Mahatma Gandhi,* Oxford University Press, London, 1945, p.44
2. Chakraborty, Mohit. *Gandhian Spiritualism*. Concept Publishing Company, New Delhi-110059, p.13.
3. M. K. Gandhi: *An Autobiography*, op. cit., p.991
4. Ibid., p. 406
5. M. K. Gandhi: Harijan, May 8, 1937.
6. Anibal del Campo: ?Application of Truth and non-violence in Gandhiji?s teaching and work?, Quoted from Truth and Nonviolence: A Unesco Symposium on Gandhi, Ed. By T.K. Mahadevan, Gandhi Peace Foundation, New Delhi 1970,pp. 198-199
7. D.G. Tandulkar: Mahatma, Publications Divisions, Ministry of Information and Broadcasting, Govt. of India, vol.iv, p. 62.
8. Ibid., pp.62-63
9. R.K. Prabhu & U. R. Rao (compiled): The mind of Mahatma Gandhi, Oxford University Press, 1945. P. 108.
10. D.G. Tandulkar: op. cit., p.191.

11. Ibid., pp. 192-193.
12. D.G. Tandulkar: op. cit., p.197-98.
13. Mohit Chakraborty: Gandhian Spiritualism, Concept Publishing Company, New Delhi-110059, p. 44.
14. M.K. Gandhi: Hind Swaraj or Indian Home Rule, op.cit., pp. 51-52.
15. M.K. Gandhi: Young India, April 30. 1925.
16. Sugata Das Gupta: Truth and Nonviolence, Gandhi Peace Foundation, New Delhi, 1970, pp. 340-341.

MANAN, Vol. VII, No. 1 & 2, January & July 2020 | ISSN-2348-3849

**Theme of the cover : "Know our Heritage"**

Brass Inkpot
Period : 20th century
Provenance : Rajasthan
Collection : National Museum, New Delhi
Accession No. : 78.701

**Published by All Bengal State Govt. College Teachers' Association**

Price Rs. 200/-